

হাওরকন্যা সুনামগঞ্জের মাছ, ধান আর গান
সুরমা তীরে এনেছে মুক্তিযুদ্ধে প্রাণ

Fish, Paddy and Music of Sunamganj, daughter of hoar
Have brought the spirit in the liberation war to the Surma shore

জেলা প্রশাসন, সুনামগঞ্জ
District Administration, Sunamganj

মন্ত্রিপরিষদ বিভাগ

Editorial

Sunamganj, the daughter of haor, region is unique among Bangla liberation war, culture, natural agricultural resources. The un prospects, rich folk culture and libe recognized Tanguar Haor have nat district branding activities.

Rows of Hijal- karoce strap, ro touching the lap of the Meghalaya district, sun radiation in the tran Tangua Haor, fluttering and dancin the horizontally widening field, birds in the winter, full of fisherie and the constant struggle of the p created a great opportunity for t cultural talents like the mystic p Abdul Karim, Radharman Dutta, crafted and rhymed in the hou captivates tourists forever. The glo been expanded in every part of the Liberty. In order to sow those glo of the young generation, establis War Museum and Library' as resul the Deputy Commissioner Mr. M brought a distinctive level. To mak of the district known at home an modern facilities has been built at number of steps have been taken branding activities by building 'Su 'Tourist Guide' and 'Tour Circuit'.

I would like to give special tha Deputy Commissioner Mr. Md. S complete guidance in this mammot sincere greetings will go to the colleagues Mr. Mohammad A Mohammad Shafiul Alam, Mr. Ka Parvin Ruhi and all other colle members of the District Branding talents and labor have enriched thi will not forget to give special Chowdhury, the publisher of Chait hard work has made it easy to publ I hope that this brand-book will be the potentialities of Sunamganj abroad.

Additional Deputy C





হাওরকন্যা সুনামগঞ্জের মাছ, ধান আর গান
সুরমা তীরে এনেছে মুক্তিযুদ্ধে প্রাণ

Fish, Paddy and Music of Sunamganj, daughter of hoar
Have brought the spirit in the liberation war to the Surma shore

জেলা প্রশাসন, সুনামগঞ্জ
District Administration, Sunamganj



জেলা ব্র্যান্ড বুক, সুনামগঞ্জ
District Brand Book, Sunamganj

© গ্রন্থস্বত্ব: জেলা প্রশাসন, সুনামগঞ্জ
© **Copyright:** District Administration, Sunamganj

দিক নির্দেশনায়
একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়

তত্ত্বাবধানে: মন্ত্রিপরিষদ বিভাগ

প্রকাশনায়: জেলা প্রশাসন, সুনামগঞ্জ

পৃষ্ঠপোষক ও প্রধান উপদেষ্টা
মোঃ সাবিরুল ইসলাম
জেলা প্রশাসক, সুনামগঞ্জ

প্রধান সম্পাদক
মোঃ নুরুজ্জামান, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)

সম্পাদনা পর্ষদ
মোহাম্মদ এমরান হোসেন, উপ-পরিচালক, স্থানীয় সরকার
মোহাম্মদ সফিউল আলম, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)
মোঃ হারুন অর রশীদ, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
জিনাত রহমান, রেভিনিউ ডেপুটি কালেক্টর
মোহাম্মদ নাহিদ হাসান খান, সহকারী কমিশনার
ফয়সাল রায়হান, সহকারী কমিশনার
মোহাম্মদ আমিমুল এহসান খান, সহকারী কমিশনার
মোঃ শাকিল আহমেদ, সহকারী কমিশনার
শোভন রাংসা, সহকারী কমিশনার
রাহুল চন্দ, সহকারী কমিশনার
আখতার জাহান সাথী, সহকারী কমিশনার
ফারজানা আক্তার ববি, সহকারী কমিশনার
মোহাম্মদ আল আমিন সরকার, সহকারী কমিশনার
মিলটন চন্দ্র পাল, সহকারী কমিশনার
মনজুর আলম, সহকারী কমিশনার
গাজালা পারভীন রুহি, সহকারী কমিশনার

ভাষান্তর: মোঃ গোলাম মওলা
প্রভাষক, ইংরেজি, সুনামগঞ্জ সরকারি কলেজ

স্থিরচিত্র কৃতজ্ঞতা: মোঃ সাবিরুল ইসলাম
ছবি সংগ্রহ: শোভন প্রসাদ আচার্য্য, সুমনকুমার দাশ, লিটন পীর, রাজীব দেব
প্রকাশকাল: জুলাই ২০১৮
লোগো সম্পাদনা: শাহীনুর রহমান, সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর

ডিজাইন ও মুদ্রণ: চৈতন্য
জিন্দাবাজার, সিলেট
rajibchowdhury92@gmail.com
০১৭১৮২৮৪৮৫৯

Directed By
Access to Information (a2i) Program, Prime Minister's Office

Supervision: Cabinet Division

Publisher : District Administration, Sunamganj

Patronizerand Chief Adviser
Md. Sabirul Islam
Deputy Commissioner, Sunamganj

Chief Editor
Md. Nuruzzaman, Additional Deputy Commissioner (General)

Editorial Pannel
Mohammad Amran Hossain, Deputy Director, Local Government
Mohammad Shafiul Alam, Additional Deputy Commissioner (Revenue)
Md. Harun Or Rashid, Additional District Magistrate
Zinat Rahman, Revenue Deputy Collector
Mohammad Nahid Hassan Khan, Assistant Commissioner
Faisal Raihan, Assistant Commissioner
Mohammad Amimul Ahsan Khan, Assistant Commissioner
Md. Shakil Ahmed, Assistant Commissioner
Subhan Rangsa, Assistant Commissioner
Rahul Chanda, Assistant Commissioner
Akther Jahan Shati, Assistant Commissioner
Farjana Akter Bobi, Assistant Commissioner
Mohammad Al Amin Sarkar, Assistant Commissioner
Milton Chandra Paul, Assistant Commissioner
Monjur Alam, Assistant Commissioner
Gajala Parvin Ruhi, Assistant Commissioner

Translator: Md. Golam Moula
Lecturer, Department of English, Sunamganj Govt. College

Photography Courtesy: Md. Sabirul Islam
Image Collection: Shovan Proshad Acharyya, Sumankumar Dash, Liton Pir, Rajib Deb
Date of Publication: July 2018

Logo Editorial: Shahinur Rahman, stenographer cum computer operator

Graphics & Printed By : Chaitanya
Zindabazar, Sylhet.
rajibchowdhury92@gmail.com
01718 284859

হাওরকন্যা সুনামগঞ্জের মাছ, ধান আর গান
সুরমা তীরে এনেছে মুক্তিযুদ্ধে প্রাণ

Fish, Paddy and Music of Sunamganj, daughter of hoar
Have brought the spirit in the liberation war to the Surma shore









জেলা প্রশাসন, সুনামগঞ্জ
District Administration, Sunamganj







বাণী

মন্ত্রিপরিষদ সচিব
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে উন্নয়নের মহাসড়কে দৃপ্ত পদে এগিয়ে চলেছে বাংলাদেশ। উন্নয়নের এই পথ-পরিক্রমায় বর্তমান সরকার ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে একটি মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সালের মধ্যে একটি সুখী ও সমৃদ্ধ দেশে পরিণত করার লক্ষ্যে বদ্ধপরিকর। এই লক্ষ্য সমূহ অর্জনে প্রয়োজন সমন্বিত উদ্যোগ ও প্রচেষ্টা এবং দেশের প্রতিটি জেলার অর্থনৈতিক সম্ভাবনার যথাযথ বিকাশ। আর এই লক্ষ্যেই মন্ত্রিপরিষদ বিভাগের তত্ত্বাবধানে এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রোগ্রামের সহায়তায় জেলা-ব্র্যান্ডিং উদ্যোগ বাস্তবায়িত হচ্ছে। জেলা-ব্র্যান্ডিং পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে সহায়তা প্রদানের লক্ষ্যে ইতোমধ্যে মন্ত্রিপরিষদ বিভাগ জেলা-ব্র্যান্ডিং কৌশল জারি করেছে।

জেলা-ব্র্যান্ডিংয়ের একটি অন্যতম অনুষঙ্গ হলো ব্র্যান্ড-বুক। জেলা-ব্র্যান্ডিং কার্যক্রমকে দেশে-বিদেশে পরিচিত করে তুলতে ব্র্যান্ড-বুকের অত্যন্ত গুরুত্বপূর্ণ ও কার্যকর ভূমিকা রয়েছে। এটুআই প্রোগ্রামের সহায়তায় জেলা প্রশাসন সুনামগঞ্জ ব্র্যান্ড-বুক প্রকাশ করছে জেনে আমি অত্যন্ত আনন্দিত। আশা করি জেলা-ব্র্যান্ডিং উদ্যোগ বাস্তবায়নে এই 'ব্র্যান্ড-বুক' কার্যকর ভূমিকা রাখতে সক্ষম হবে।

জেলা ব্র্যান্ড-বুক প্রণয়নের সঙ্গে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

২২.১১.১৭

মোহাম্মদ শফিউল আলম





Message

Cabinet Secretary
Govt. of the People's Republic of Bangladesh

Bangladesh is pacing firmly on the highway towards development with a vision to realize Sonar Bangla, the dream of our Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman under the charismatic leadership of Sheikh Hasina, Honorable Prime Minister of Bangladesh. The country is determined to become a middle income nation by 2021 and a prosperous and developed nation by 2041 in the course of realization of the vision. Integrated efforts and initiatives along with appropriate flourishment of the economic prospects of each district are crucial for achieving the vision. In this context district branding is being implemented under the coordination of Cabinet Division with the support of the a2i program of Prime Minister's Office. The cabinet division has already issued a strategy for proper planning and implementation of district-branding.

One of the most important aspects of district-branding is the brand-book. It is an important and effective tool for showcasing district-branding at home and abroad. I am absolutely delighted to know that Office of the Deputy Commissioner, Sunamganj is going to publish a brand-book with the support of a2i program. I believe this brand-book will play a pivotal role in depicting district-branding initiatives and implementation trajectory. I would like to thank all officials concerned with the preparation of the book.

Shafiul Alam
22.11.17

Mohammad Shafiul Alam





বাণী

মুখ্য সচিব
প্রধানমন্ত্রীর কার্যালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

একটি জেলার স্বাতন্ত্র ও সম্ভাবনা সমূহকে বিকশিত করার মাধ্যমে আর্থ-সামাজিক উন্নয়নই জেলা-ব্র্যান্ডিংয়ের মূল অভিলক্ষ্য। জেলার স্বাতন্ত্র্য ও সম্ভাবনা বিকাশের বহুবিধ ক্ষেত্র রয়েছে যেমন: পর্যটন, পণ্য, ইতিহাস-ঐতিহ্য বা কোনো জনমুখী উদ্যোগ। জেলা-ব্র্যান্ডিং জেলার ইতিহাস-ঐতিহ্য ও সংস্কৃতির সংরক্ষণ ও চর্চা, পর্যটন শিল্পের বিকাশ, একজেলা এক পণ্য কর্মসূচির বাস্তবায়নে সহায়তা প্রদান এবং জেলার ভৌগোলিক নির্দেশক পণ্য চিহ্নিতকরণ এবং তা সংরক্ষণের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। সামগ্রিক বিবেচনায় বলা যায় ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সালের মধ্যে উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণে বর্তমান সরকারের রূপকল্প বাস্তবায়নে সহায়তা প্রদানই জেলা-ব্র্যান্ডিংয়ের অন্যতম উদ্দেশ্য।

পর্যটনের সঙ্গে জেলা-ব্র্যান্ডিংয়ের নিবিড় সম্পর্ক রয়েছে। বাংলাদেশের পর্যটন সম্ভাবনার বিকাশে জেলা-ব্র্যান্ডিং গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। এই লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ পর্যটন করপোরেশন, বাংলাদেশ ট্যুরিজম বোর্ডসহ সংশ্লিষ্ট সকল সরকারি-বেসরকারি সংস্থাসমূহ একযোগে কাজ করতে পারে। প্রধানমন্ত্রীর কার্যালয়ও সবধরণের সহায়তা দিতে পারে।

প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রোগ্রামের সহায়তায় বাংলাদেশের সকল জেলা ইতোমধ্যে তাদের ব্র্যান্ডিংয়ের বিষয় নির্ধারণ, লোগো তৈরি এবং ত্রিবার্ষিক বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন করেছে। জেলা-ব্র্যান্ডিংকে দেশে বিদেশে পরিচিত করে তুলতে জেলা সমূহ যে বিস্তৃত উদ্যোগ গ্রহণ করেছে তার মধ্যে একটি হলো ব্র্যান্ড-বুক প্রকাশনা। ব্র্যান্ড-বুকের পরবর্তী সংস্করণ সমূহের জন্য এটি যেমন ভিত্তি হিসেবে কাজ করবে তেমনি জেলা-ব্র্যান্ডিংয়ের ইতিহাসে একটি উল্লেখযোগ্য দলিল হিসেবেও স্বীকৃত হবে।

একটি তথ্য সমৃদ্ধ ও নান্দনিক ব্র্যান্ড-বুক তৈরির জন্য আমি জেলা প্রশাসন সুনামগঞ্জ, এটুআই এবং উক্ত প্রকাশনার সঙ্গে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানাই এবং জেলা-ব্র্যান্ডিং কাজের সার্বিক সাফল্য কামনা করি।

মোঃ নজিবুর রহমান





Message

Principal Secretary

Prime Minister's Office
Govt. of the People's Republic of Bangladesh

The mission of district branding is to achieve socio-economic development through promoting the uniqueness and the potentials of each district. The districts have diverse potentials such as tourist sites, commercial products, famous foods, history and tradition as well as peoples' welfare-centric initiatives. District branding plays an important role in safeguarding and fostering history, tradition and culture of the districts, developing tourism industry, implementing '**One District One Product'** programme and identifying and preserving the geographical indications (GIs). One of the main objectives of district branding is to provide support in realizing the vision of the present government to become a middle income country by 2021 and a prosperous and developed nation by 2041.

District-branding is closely linked with tourism. This initiative can play an important role in unleashing the potentials of tourism in Bangladesh. In this regard, all government and non-government organizations, including Cabinet Division, Ministry of Public Administration, Ministry of Civil Aviation and Tourism, Ministry of Cultural Affairs, Bangladesh Parjatan Corporation, Bangladesh Tourism Board can work together. The Prime Minister's Office can also provide all-out support.

All the districts have already selected their branding areas, developed logos and three-year work plan with the support of the a2i program of the Prime Minister's Office. One of the important initiatives of the district to promote district branding at home and abroad is the publication of Brand Book. This document will be a foundation for the future editions and at the same time will also be treated as a landmark publication in the history of district-branding.

I congratulate District Administration Sunamganj, a2i and all concerned for publishing such an impressive and informative Brand Book and wish the district branding initiative all the success.

Md. Nojibur Rahman





বাণী

সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

লাল সবুজ পতাকা আর সবুজ মানচিত্র দিয়ে পৃথিবীর বুকে আমাদের পরিচিতি। দেশের ন্যায় জেলারও পরিচিতি চাই। ৬৪টি জেলার প্রতিটি জেলাতে কোনো না কোনো বিশেষত্ব রয়েছে- হতে পারে তা পর্যটন কিংবা পণ্য, হয়তো কোনো জেলা সাংস্কৃতিক ঐতিহ্য কিংবা খাবারের জন্য বিখ্যাত। জেলার ইতিহাস-ঐতিহ্য-কৃষ্টি-সংস্কৃতিকে ধারণ করে প্রতিটি জেলার স্বতন্ত্র বিশেষত্বকে তুলে ধরার প্রয়াসই আমার দৃষ্টিতে জেলা ব্র্যান্ডিং।

মেঘালয়ের পাহাড় বেষ্টিত সুনামগঞ্জ জেলার অন্যতম আকর্ষণ হলো এর হাওরগুলো। হাওরভিত্তিক কৃষিকাজ আর মৎস্যজীবীতা হলো এ জনপদের মানুষের প্রধান জীবিকা। বর্ষায় হাওরের বুকে জলের কল্লোল, সুনীল আকাশের প্রতিচ্ছবি, মাছের অভয়াশ্রয়, জলের বুকে জেগে থাকা হিজল-করচের ঘন সবুজ বন, শীতে পরিযায়ী পাখিদের অবাধ বিচরণ, সবুজ ধানক্ষেত এই জেলার প্রকৃতিকে করেছে অনন্য। আর এই প্রকৃতির বুকে প্রতিকূল পরিবেশকে মোকাবেলা করে এই জেলার মানুষ জীবন ধারণ করছে। হাওর ঘেরা এই জনপদের উদার পরিবেশে বেড়ে উঠেছেন শাহ আবদুল করিম, দুর্বিন শাহ, রাধারমণ দত্ত, হাসন রাজা প্রমুখের মত গুণী বাউল শিল্পী। এ সকল অনুষঙ্গ কে নিয়ে সুনামগঞ্জ জেলার অনন্য পরিচায়ক ব্র্যান্ডিং হচ্ছে পর্যটন, লোক সংস্কৃতি, ধান আর মাছ। হাওরকন্যা সুনামগঞ্জের মাছ, *ধান আর গান, সুরমা তীরে এনেছে মুক্তিযুদ্ধে প্রাণ*- এই স্লোগানকে ধারণ করে সুনামগঞ্জ তার ব্র্যান্ডিং কার্যক্রম প্রসারিত করে বিশ্বের বুকে পরিচিতি হবে আর পরিবর্তন হবে সাধারণ মানুষের জীবনমান।

সুখী, সমৃদ্ধ সোনার বাংলার স্বপ্নকে ধারণ করে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে দীর্ঘ নয়মাসের রক্তক্ষয়ী যুদ্ধের মাধ্যমে বাংলাদেশ স্বাধীনতা অর্জন করেছে। মুক্তিযুদ্ধের চেতনাকে ধারণ করে সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুযোগ্য নেতৃত্বে বাংলাদেশ এগিয়ে চলেছে ভিশন-২০২১ এং ভিশন-২০৪১ সামনে রেখে। আর এই ভিশনগুলোকে বাস্তবে রূপ দেওয়ার জন্য সুনামগঞ্জ জেলা তার অমিত সম্ভাবনাকে কাজে লাগিয়ে জেলা ব্র্যান্ডিংয়ের মাধ্যমে অবদান রাখবে বলে আমি মনে করি।

সুনামগঞ্জের ব্র্যান্ড বুক এই জেলাকে চিত্তাকর্ষক রূপে বিশ্ববাসীর কাছে পরিচিত করে তুলবে বলে আমার দৃঢ় বিশ্বাস। এই কাজকে ফলপ্রসু করার জন্য যারা প্রত্যক্ষ ও পরোক্ষভাবে জড়িত আছেন তাদের সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

ড. মোঃ মোজাম্মেল হক খান





Message

Senior Secretary
Public Administration Ministry
Govt. of the People's Republic of Bangladesh

We have got our identity in the world through our red green flag and green map. We also want to get the identity of the districts like the country. Moreover, each district of 64 districts has specialty - it may be tourism or goods, it may also be a cultural heritage of a district or famous for food. In my view, district branding tries to uphold the specialty of each district containing the history, heritage, tradition and culture of the district.

One of the major attractions of Sunamganj district is its haor surrounded by the Meghalaya hills. Haor based farming and fishery are the main livelihood of the population. During the rainy season, the wave of the water in the heart of the haor, the reflection of the blue sky, the safe shelter for fishes, thick green forest of Karoce and Hijal in the water, the free roaming of the migratory birds in the winter and the green paddy field have made the nature of this district unique. And the people of this district are living by facing the unfavorable environment in this nature. Potential Baul singers like Shah Abdul Karim, Durbin Shah, Radharman Dutta, Hasan Raja and many others grew up in the calm and serene atmosphere of the haor.Taking all of these into account, tourism, folk culture, rice and fish have become the unique identifying brand of Sunamganj district. By holding this slogan- "Fish, Paddy and Music of Sunamganj, daughter of hoar/Have brought the spirit in the liberation war to the Surma shore", Sunamganj will be known to the world through expanding its branding operation and change will come in the living standard of the mass people.

Holding a dream of happy and prosperous country, Bangladesh has achieved independence through a nine-month long bloody war under the leadership of Father of the Nation Bangabandhu Sheikh MujiburRahman, the greatest Bangalee of all time. In order to build a prosperous Bangladesh holding the spirit of the War of Liberation and targeting Vision 2021 and Vision 2041, Bangladesh is going ahead under the governance and leadership of honorable Prime Minister Sheikh Hasina. With a view to bringing these visions into a reality, Sunamganj district will take advantage of its ambitious possibilities and contribute through district branding.

I strongly believe that Sunamganj branding book will make this district known to the world as an attractive scenic spot. I would like to thank all of them who are directly or indirectly involved in making this work fruitful. I wish district branding of Sunamganj will be successful.

Dr. Md. Mozammel Haque Khan





বাণী

কমিশনার
সিলেট বিভাগ, সিলেট।

সুখী, সমৃদ্ধ এবং অর্থনৈতিক ও সামাজিকভাবে উন্নত একটি দেশের স্বপ্নকে বুকে ধারণ করে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে দীর্ঘ নয়মাসের রক্তক্ষয়ী যুদ্ধের মাধ্যমে বাংলাদেশের জনগণ স্বাধীনতা অর্জন করেছে। বর্তমান গণতান্ত্রিক সরকার মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা জনগণের সেই লালিত স্বপ্নকে বাস্তবে রুপ দেয়ার জন্য লক্ষ্যাভিশারি ভিশন-২০২১ এবং ভিশন- ২০৪১ গ্রহণ করেছেন। ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে একটি মধ্যম আয়ের দেশে এবং ২০৪১ সালের মধ্যে উন্নত দেশে পরিণত করাই হলো এই ভিশন-২০২১ এবং ভিশন-২০৪১ এর উদ্দেশ্য। সুনামগঞ্জ জেলা তার ভৌগলিক সীমার সকল সম্ভবনাকে কাজে লাগিয়ে এই উদ্দেশ্য সাধনে অবদান রাখতে চায়।

উন্নতির চরম শিখরে পৌঁছাতে হলে একটি দেশের তৃণমূল পর্যায়ে উন্নয়নের ধারা অব্যাহত থাকতে হবে। এর জন্য জেলার ভৌগলিক, অর্থনৈতিক, সামাজিক, সংস্কৃতি সহ সকল সম্ভাবনাকে কাজে লাগাতে হবে। জেলা ব্র্যান্ডিং এই কার্যক্রমকে আরও গোছানো ও পরিশীলিত করবে। জেলা ব্র্যান্ডিং এর উদ্যোগকে সফল করতে জেলা প্রশাসন সহ জেলার সর্বস্তরের মানুষের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ প্রয়োজন। তাই, জেলা ব্র্যান্ডিং একটি সমন্বিত উদ্যোগ।

সুনামগঞ্জ জেলার অন্যতম আকর্ষণ হলো এর হাওর। এই জেলার প্রত্যেক উপজেলায় হাওর আছে। হাওরকে কেন্দ্র করে সুনামগঞ্জ জেলা পরিচিত হচ্ছে সাংস্কৃতিক অঙ্গনে, অর্থনৈতিক অঙ্গনে এবং পর্যটন শিল্প অঙ্গনে। হাওরের সুন্দর জলধারা, মাছের বিচরণ, সবুজ ধানক্ষেত, সুনীল আকাশ, অতিথি পাখিদের অবাধ বিচরণ, জলের মধ্যে জেগে থাকা হিজল, বরুণ, করচের ঘন সবুজ পাতা এই জেলার মানুষকে জড়িয়ে রেখেছে নিবিড়ভাবে। হাওরের উদার পরিবেশে বেড়ে উঠেছে শাহ আবদুল করিম, দুর্বিন শাহ, হাসন রাজা, রাধারমণ দত্ত, কামাল পাশা প্রমুখের মত গুণী বাউল শিল্পী। তাই, সুনামগঞ্জ জেলার অনন্য পরিচায়ক ব্র্যান্ডিং হচ্ছে এর সমৃদ্ধ ও বিস্তৃত "হাওর"। তার সাথে যুক্ত হয়েছে আমাদের মহান মুক্তিযুদ্ধে সুরমা তীরের এই জনপদের অসামান্য অবদানের কথা।

সুনামগঞ্জ জেলা ব্র্যান্ডিং একটি অত্যন্ত ইতিবাচক কর্মযজ্ঞ। যার মধ্যে থাকবে বাংলাদেশের ইতিবাচক ভাবমূর্তি গঠনের অদম্য প্রত্যয়। এই ব্র্যান্ডিং এ থাকবে হাওরের বিপুল জলসম্পদের সম্ভাবনাময় উৎকর্ষ সাধনার তাড়না, থাকবে এই অঞ্চলের অর্থনৈতিক মুক্তির প্রেরণা, থাকবে প্রকৃতি এবং সংস্কৃতি চর্চার অপূর্ব মেলবন্ধনের ধারণা এবং মহান মুক্তিযুদ্ধের চেতনা। সুনামগঞ্জ জেলা হাওর ব্র্যান্ডিং এর মাধ্যমে এর বিপুল সম্ভাবনাকে নতুন আঙ্গিকে বিকশিত করতে বদ্ধ পরিকর।

ব্র্যান্ড বুক প্রকাশনা সুনামগঞ্জ জেলাকে ইতিবাচক এবং আকর্ষণীয় ভাবে বিশ্ববাসীর কাছে পরিচিত করে তুলবে বলে আমার দৃঢ় বিশ্বাস। এই কাজকে ফলপ্রসূ করার জন্য যারা প্রত্যক্ষ ও পরোক্ষ ভাবে জড়িত আছেন তাদের সকলকে ধন্যবাদ জানাচ্ছি। ব্র্যান্ডিং প্রকাশনাকে ত্রুটিমুক্ত রাখতে আমাদের চেষ্টার কোন কমতি ছিল না। তারপরও কোন ত্রুটি থাকলে ক্ষমাসুন্দর দৃষ্টিতে দেখার জন্য অনুরোধ করছি।

হাওরকন্যা সুনামগঞ্জের মাছ, ধান আর গান; সুরমা তীরে এনেছে মুক্তিযুদ্ধে প্রাণ। সুনামগঞ্জ জেলা ব্র্যান্ডিং এর এই স্লোগানকে সামনে রেখে সুনামগঞ্জ জেলা পরিচিত হোক সমগ্র বাংলাদেশে এবং বিশ্ব দরবারে। সুনামগঞ্জ জেলার সম্ভাবনার দুয়ার উন্মোচিত হোক সকলের সামনে।

ড. মোছাম্মৎ নাজমানারা খানুম





Message

Commissioner
Sylhet Division, Sylhet.

People of Bangladesh have achieved independence through a nine-month long bloody war under the leadership of Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman, holding a dream of a happy, prosperous and economically and socially developed country. Honorable Prime Minister Sheikh Hasina representing the present democratic government has taken the Vision 2021 and Vision 2041 to formulate the dream of the people in reality. The purpose of this Vision-2021 and Vision-2041 is to make Bangladesh a middle-income country and developed country by 2021 and 2041 simultaneously. Utilizing all the possibilities of its geographical boundaries, Sunamganj district also wants to keep contribution in implementing this objective.

To reach the pinnacle of progress, the development phase of the country should continue in the grassroots level. For this, all geographical, economic, social and cultural potentialities of the district have to be utilized. District branding will make this activity more sophisticated and well-decorated. To make the district branding initiative successful, the spontaneous participation of the people of all walks of life of the district including its administration is required. So, District Branding is an integrated initiative.

The centre of attraction of Sunamganj district is its haor. Haor is available in every upazila of this district. The Sunamganj district is going to be known in the yard of cultural heritage, economic environment and tourism industry on the basis of its haor. Beautiful waterways of haor, fish roasting, green paddy field, blue sky, free roaming of the migratory birds, thick green leaves of Karoce, Hijal and Varun in the water, and the green leaves of this district have enclosed the people of this district intensely. Potential Baulsingers like Shah Abdul Karim, Durbin Shah, Hasan Raja, Radharman Dutta, Kamal Pasha and many others grew up in the calm and serene atmosphere of the haor. Therefore, the unique identifying brand of Sunamganj district is its rich and extensive "Haor". In addition to this, the great contribution of the people living in the bank of the Surma in the Liberation War has been added for branding.

Sunamganj district branding is a very positive activity in which there is an inevitable conviction for the positive image of Bangladesh. This branding will cover the drive for utilizing the huge water resources of haor, the motivation for economic release of this region, the idea of a wonderful combination of nature and culture practices and finally the spirit of great Liberation War. Through haor branding, Sunamganj district is committed to develop its vast potential in a new form.
I firmly believe that brand-book publication will present Sunamganj district to the world in a positive and attractive way. I would like to give special thanks to everyone who is directly or indirectly involved in making this work fruitful. We have left no stone unturned to keep branding publications error free. Still, if there is any error, I will request for a favorable view.

"Fish, Paddy and Music of Sunamganj, daughter of hoar
Have brought the spirit in the liberation war to the Surma shore"

Holding this slogan of Sunamganj district branding, let the Sunamganj district be known throughout the country and the world. Let the possibility of Sunamganj district be unveiled in front of everyone.

D. Mosammat Nazmanara Khanum





বাণী

যুগ্ম সচিব
প্রধানমন্ত্রীর কার্যালয় ও প্রকল্প পরিচালক
একসেস টু ইনফরমেশন প্রোগ্রাম।

বাংলাদেশের প্রতিটি জেলা এক একটি অনন্য বৈশিষ্ট্যে বৈশিষ্ট্য মণ্ডিত। কোনো জেলায় রয়েছে সুপ্রাচীন ঐতিহাসিক নিদর্শন, কোথাও প্রাকৃতিক সৌন্দর্যের পসরা সাজানো, কোথাও বা লোকজ ঐতিহ্য কিংবা শিল্প সাহিত্যে সমৃদ্ধ । আবার কোনো জেলা কৃষিজ পণ্যের জন্য বিখ্যাত, কোথাও বা মজাদার কোন খাবারের জন্য সুনাম কুড়ানো। দেশের প্রতিটি জেলার এ সকল বৈশিষ্ট্যকে শুধু দেশের অভ্যন্তরেই নয়, বহিঃবিশ্বের কাছে তুলে ধরে আমাদের ঐতিহ্য সমৃদ্ধি আর প্রাকৃতিক সৌন্দর্যকে বিশ্ববাসীকে জানানোর মাধ্যমে বৈদেশিক বিনিয়োগকে আকৃষ্ট করার জন্য জেলা-ব্র্যান্ডিং অনন্য ও দূরদৃষ্টি সম্পন্ন একটি উদ্যোগ।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে তাঁর সুযোগ্য কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে অর্থনৈতিক-সামাজিক সূচকে উল্লেখযোগ্য অগ্রগতি সাধনের মাধ্যমে এগিয়ে চলেছে অমিত সম্ভাবনার দেশ-বাংলাদেশ। বর্তমান সরকার ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে ডিজিটাল বাংলাদেশ তথা মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সালের মধ্যে একটি সুখী ও সমৃদ্ধ দেশে পরিণত করার লক্ষ্যে বদ্ধ পরিকর। এই রূপকল্পসমূহ অর্জনে সরকার ব্যাপক কর্মসূচি গ্রহণ করেছে। উক্ত কর্মসূচির অংশ হিসেবে বাংলাদেশের প্রত্যেকটি জেলার স্বাতন্ত্র্য ও সম্ভাবনা সমূহকে বিকশিত করার মাধ্যমে আর্থসামাজিক উন্নয়নকে ত্বরান্বিত করতে প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রোগ্রাম জেলা-ব্র্যান্ডিংয়ের উদ্যোগ গ্রহণ করেছে।

এ উদ্যোগকে সামনে এগিয়ে নিতে এবং সফল করতে প্রতিটি জেলার জেলা-ব্র্যান্ডিংয়ের সার্বিক কার্যক্রমকে চিত্তাকর্ষক ভাবে উপস্থাপনের একটি অনন্য প্রয়াস হচ্ছে ব্র্যান্ড-বুক। এই ব্র্যান্ড-বুক জেলা-ব্র্যান্ডিং পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন এবং পরবর্তীতে যাঁরা ব্র্যান্ডিংয়ের সঙ্গে সম্পৃক্ত হবেন তাঁদের জন্য জ্ঞান ভাণ্ডার হিসেবে কাজ করবে। সেই লক্ষ্যেই জেলা কমিটিকে এই বই প্রকাশের জন্য অনুরোধ জানানো হয়েছে। বাংলার পাশাপাশি ইংরেজিতেও বিষয় সমূহ উপস্থাপনের ফলে এই বইটির ব্যবহারের পরিধি নিশ্চিত ভাবে বেড়েছে।

আমি আশা করব ভবিষ্যতে এই জেলা-ব্র্যান্ডিং বই-এর নতুন নতুন সংস্করণ প্রকাশিত হবে এবং ব্র্যান্ডিংকে দেশে বিদেশে তুলে ধরতে তা কার্যকর ভূমিকা রাখতে সক্ষম হবে। জেলা প্রশাসন সুনামগঞ্জ, এটুআই এবং বিভিন্ন পর্যায়ে সংশ্লিষ্ট থেকে যাঁরা এই প্রকাশনাটি সম্পন্ন করেছেন আমি তাঁদের সকলকে আন্তরিক ধন্যবাদ জানাই।

মোঃ মোস্তাফিজুর রহমান, পিএএ





Message

Joint Secretary
Prime Minister's Office
and Project Director, a2i.

Each and every district of Bangladesh possess some unique features and potentials. Some part of this land have elegant natural beauty while the other parts have historical archetypes and antiques. Some parts of this land also have abundancy in agro products with lot of fruits and crops. The folk arts and cultural heritages of this country have glorious history. All the unique features and characteristics of the very part of the country need to be flourished not only inside the country but also to the rest of the world to let everyone know about Beautiful Bangladesh and to attract Foreign Direct Investment. In this perspective district branding is a unique approach.

Bangladesh has been pacing forward with significant progress in economic and social indicators led by Honorable Prime Minister Sheikh Hasina, to build 'Sonar Bangla' the dream of Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman. The present government is committed to build 'Digital Bangladesh' by 2021 and a happy and prosperous country by 2041. To realize these visions, the government has taken up massive programs. As part of these programs to accelerate the momentum of development, the initiative of 'District Branding' has been undertaken by the a2i program of the Prime Minister's Office.

Brand-Book is a unique effort to impressively demonstrate the overall activities of district branding. This book will serve as a knowledge base for planning and implementing district-branding and for those who will be associated with this initiative later. For this reason, the district committee has been requested to publish this document. Bilingual feature of this book has certainly added extra advantage regarding its use. I expect, new editions of this book will be published in future and will play a crucial role in showcasing district branding at home and abroad.

My heartfelt thanks go to District Administration Sunamganj, a2i and all who contributed to this significant publication.

Md. Mustafizur Rahman, PAA





মুখবন্ধ

জেলা প্রশাসক
সুনামগঞ্জ

আমাদের আঞ্চলিক সংস্কৃতি, ঐতিহ্য, শিল্প, সাহিত্য ও সম্পদের সুবিশাল ভান্ডারকে আঞ্চলিকতার গণ্ডি পেরিয়ে জাতীয় ভাবে বিশ্বজনের কাছে তুলে ধরার জন্য জেলা ব্র্যান্ডিং একটি অনবদ্য প্লাটফরম। আমাদেরই যাপিত জীবনের প্রতিচ্ছবি বিশ্ব পরিসরে উপস্থাপনার জন্য অনিন্দ্য সুন্দর বিষয় জেলা ব্র্যান্ডিং। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সুখী সমৃদ্ধ সোনার বাংলা গড়তে আমাদের যে দীর্ঘ মেয়াদি পরিকল্পনা, সেটির বাস্তবায়নে আমাদের নিজেদের কৃষ্টি-ঐতিহ্য-সংস্কৃতির ও প্রসার ঘটাতে হবে।

প্রতিবেশী ভারতের সীমান্তবর্তী সুনামগঞ্জ জেলা প্রাকৃতিক ঐশ্বর্যে অতুলনীয়। সুনামগঞ্জের উত্তরে রয়েছে মেঘালয়ের সুউচ্চ পাহাড় শ্রেণি। এইসব পাহাড় থেকে নেমে আসা ঝরনা আর নদী যেমন এই জেলাকে শোভামণ্ডিত আর সবুজে আচ্ছাদিত করেছে, তেমনি অতিবৃষ্টি আর পাহাড়ি ঢলের কারণে সৃষ্ট অকাল বন্যা মানুষের জীবনকে করে দুঃসহ। প্রাকৃতিক অনিশ্চয়তা এই জেলার মানুষকে করে তুলেছে ভাবুক, দেশের অন্য সব জেলার তুলনায় স্বতন্ত্র ও স্বকীয়। মানুষ মুখে মুখে গান বাঁধে, গান তোলে নিজস্ব সুরে। হাওর যখন পানিতে ডুবে যায়, মানুষের হাতে তখন অফুরন্ত অবসর। মানুষের দুঃখবোধ যেন বাউল গানে রূপ নেয়। হাজার বছর ধরে হাওর বেষ্টিত এই জনপদ অসংখ্য বাউল উপহার দিয়ে গেছে। রাধারমণ দত্ত পুরকায়স্থ, হাসন রাজা, শাহ আবদুল করিম, দুর্বিন শাহসহ অসংখ্য বাউল সুনামগঞ্জের সংস্কৃতিকে করেছে ঐশ্বর্যে পরিপূর্ণ। শুধু তাই নয়, সৃষ্টি হয়েছে ধামাইলের মতো অনিন্দ্য সুন্দর নৃত্য। তাইতো, সারাদেশে সুনামগঞ্জের পরিচিত ঘটছে বাংলাদেশের সাংস্কৃতিক রাজধানী হিসেবে। সুনামগঞ্জের জনজীবনে যেমন ব্যস্ততার চিহ্ন খুঁজে পাওয়া যায় না, তার ছায়া পড়েছে সংস্কৃতিতেও। এখানের নাচ-গান-কলা সবই ধীরলয়ের ও পরিশীলিত। সুনামগঞ্জের অধিকাংশ জমি একফসলি। হাওরের পানি নেমে গেলেই পুরো হাওর এলাকায় ধান চাষের যেন উৎসব লেগে যায়। উর্বর পলিতে বেড়ে ওঠা হাওরের এই ধান দেশের মোট শস্যের বিশাল অংশের যোগান দেয়। সুনামগঞ্জে ছড়িয়ে থাকা অজস্র হাওর মাছে পরিপূর্ণ। বিস্তৃত হাওর, অসংখ্য বিল, নদী, খাল বিপুল মাছের যোগান দেয়। ৯,৭২৭ হেক্টর আয়তনের টাংগুয়ার হাওর সারা দেশের মিঠা পানির মাছের অন্যতম উৎস এবং অন্যতম মৎস্য প্রজনন ক্ষেত্র। অপরূপ সৌন্দর্যের হাওর গুলো পর্যটকদের মোহাবিষ্ট করেছে যুগে যুগে। শীতকালে হাওরের বুকে নেমে আসা পরিযায়ী পাখির ঝাঁক আর হাওরের স্বচ্ছ নীলাভ পানিতে জেগে থাকা অর্ধ নিমগ্ন হিজল-করচের সারি দেখে চোখ ফেরানোই দায়। বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধের ইতিহাসেও সুনামগঞ্জ জড়িয়ে আছে। এখানে রয়েছে ৪টি (চার) স্বাধীনতা উপত্যকা যেখানে মুক্তিবাহিনী ঘাঁটি গেড়েছিল। পাক সেনারা সেসব উপত্যকায় প্রবেশ করতে পারেনি কখনো। স্বাধীনতা উপত্যকাগুলো হল ডলুরা, বাঁশতলা, টেকেরঘাট এবং মহেষখলা।

সুনামগঞ্জের নামের সাথে মিশে থাকা ধান, মাছ, প্রাকৃতিক সৌন্দর্যের আর মহান মুক্তিযুদ্ধে সুনামগঞ্জের অবদানের কথা মাথায় নিয়ে সুনামগঞ্জের জেলা ব্র্যান্ডিং করা হয়েছে "হাওরকন্যা সুনামগঞ্জের মাছ, ধান আর গান; সুরমা তীরে এনেছে মুক্তিযুদ্ধে প্রাণ"- এই শিরোনামে। সুনামগঞ্জের জনজীবন, শিল্প আর স্বাধীনতা যুদ্ধে সুনামগঞ্জের অবদান ফুটে উঠেছে এই প্রয়াসের মাধ্যমে।

জেলা ব্র্যান্ডিং এর মাধ্যমে সুনামগঞ্জের ঐতিহ্য, সংস্কৃতির প্রচারের মাধ্যমেই এই অঞ্চলে পর্যটন শিল্প হবে সুবিকশিত, সুনামগঞ্জের অর্থনীতি হবে সমৃদ্ধ আর পরিবর্তন আসবে সাধারণ মানুষের জীবনমানে।

মো: সাবিরুল ইসলাম





Preface

Deputy Commissioner
Sunamganj

District branding is an amazing platform to showcase the vast range of our regional culture, heritage, art, literature and wealth nationally to the world by crossing the boundaries of regionalism. In order to present our lifestyle in the international context, district branding is an excellent effort. We have to spread our own culture and tradition in implementing our long-term plan to build a happy and prosperous golden Bengal which was the dream of Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman.

Sunamganj district, located on the border of neighboring India, is incomparable in natural wealth. Geographically, the high hill ranges of Meghalaya are in the north of Sunamganj. The fountains and the rivers descending from these hills, in one side, have decorated and covered the lake with foliage. In another side, floods caused by excessive rainfall and mountainous rains make the lives of people dreadful and horrible. Moreover, the natural uncertainty seems to have made the people of this district thoughtful that have made them distinct and different from the people of other districts of the country. Here people sing songs orally and sing songs themselves. When the haor gets drowned in the water, then there is an endless retirement in human hands. The sadness of human beings takes the form of Baul songs. This region, surrounded by haor, has been offering a numerous Bauls for thousands of years. Radharman Datta, Purakyastha, Hashan Raja, Shah Abdul Karim, Darbbin Shah and many other Bauls, have filled Sunamganj's culture with wealth. Not only that, it has created a matchless beautiful dance like Dhamal. That's why, Sunamganj has been known across the country as the cultural capital of Bangladesh. Such business is not found in the lifestyle of the people of Sunamganj, it has also been reflected in its culture. Dances, songs and arts all are soft and sophisticated here. Most of Sunamganj's land is one crop lands. When the water of the haor falls down, there comes a festival of rice cultivation in the whole haor area. These haor growing rice provides huge parts of the country's total grain production. Many haors spreading in Sunamganj are full of fishes. Large haors, numerous bills, rivers and canals provide a large portion of fishes for the country.

With an area of 9,772 hectares, Tanguar haor is one of the main sources of sweet water fish and fishery breeding areas of the country. Over the years, the scenic beauty of the haors has fascinated the tourists. In winter, having observed the migratory birds flowing down the haor and the half-submerged hijal-karach, it becomes difficult to turn our eyesight ignoring this natural beauty.

Sunamganj is also closely involved in the history of Bangladesh's great war of liberation. There are 4 (four) valleys of independence in the Sunamganj district where the freedom fighters established their bases. The Pak soldiers couldn't enter into these places during the liberation war. Those valleys of independence are Dalura, Banshtala, Tekerghat and Maheshkhala.

Sunamganj district has been branded with this heading "Fish, Paddy and Music of Sunamganj, daughter of hoar/Have brought the spirit in the liberation war to the Surma shore" by highlighting the description of rice, fish, natural beauty of Sunamganj and its contribution to the great liberation war. People's lifestyle, culture and contribution in the liberation war of this district have been portrayed through this effort.

I strongly believe that through the promotion of culture and tradition by means of the district branding of Sunamganj, the tourism industry of this area will be well-developed, its economy will be rich and the changes will come in the lifestyle of the common people.

Md. Sabirul Islam

সূচি

জেলা পরিচিতি ২১
ব্র্যান্ডিংয়ের লোগো এবং
ট্যাগ লাইন পরিচিতি ২৩

পর্যটনে সুনামগঞ্জ

ইকোট্যুরিজম

টাংগুয়ার হাওর ২৭-২৮
বারেকের টিলা ২৯
নীলাদ্রি লেক ৩০
শিমুল বাগান ৩১

প্রত্নতাত্ত্বিক ইকোট্যুরিজম

গৌরারং জমিদার বাড়ি ৩২
দোহালিয়া জমিদার বাড়ি ৩৩
সুখাইড় জমিদার বাড়ি ৩৪
হলহলিয়ার রাজবাড়ি ৩৫

লোকজ ট্যুরিজম

হাসন রাজা ৩৬
শাহ আবদুল করিম ৩৮
রাধারমণ দত্ত ৩৯
দুর্বিন শাহ ৪০

ধর্মীয় স্থান ট্যুরিজম

পণাতীর্থ ৪১
শাহ আরেফিনের মাজার ৪৩
আছিম শাহর মাজার ৪৪
পাগলা মসজিদ ৪৫
কোর্ট মসজিদ ৪৬
শ্রী অদ্বৈত মহাপ্রভুর মন্দির ৪৭
নারায়ণতলা মিশন ৪৮
ধল মেলা ৪৯

আমার শহর

সুনামগঞ্জ ঐতিহ্য জাদুঘর ৫১
রিভারভিউ পার্ক ৫২
সুরমা ভ্যালী পার্ক ৫৩
শহীদ মুক্তিযোদ্ধা জগৎজ্যোতি
পাবলিক লাইব্রেরি, সুনামগঞ্জ ৫৪
সুনামগঞ্জ শিল্পকলা একাডেমি ৫৬

নদী ও হাওর পর্যটন

হাওর-বাওর ৫৮
যাদুকাটা নদী ৫৯
সুরমা নদী ৬৩
চলতি নদী, কালনী নদী ৬৪
দেখার হাওর ৬৫
শনির হাওর, নলুয়ার হাওর ৬৬

শিল্প পর্যটন

ছাতক সিমেন্ট কোম্পানি লিমিটেড ৬৭
লাফার্জ সুরমা সিমেন্ট কোম্পানী লিমিটেড ৬৮

মুক্তিযুদ্ধে সুনামগঞ্জ

বাঁশতলা স্মৃতিসৌধ ৭৩
ডলুরা স্মৃতিসৌধ ৭৫
টেকেরঘাট স্মৃতিসৌধ ৭৬
মহেষখলা স্মৃতিসৌধ ৭৭
বধ্যভূমি ৭৮-৮১
ইউনিয়ন মুক্তিযুদ্ধ জাদুঘর ও লাইব্রেরি ৮২
উপজেলা ও ইউনিয়ন পরিষদের স্থাপিত
মুক্তিযুদ্ধ জাদুঘর ও লাইব্রেরির তালিকা ৮৬

হাওরপাড়ের জীবন ও জীবিকা ৮৭-৯৬
সুনামগঞ্জের ধান ৯৭-৯৯
সুনামগঞ্জ জেলার লোকজ-সংস্কৃতি ১০০-১০৩
নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠী ১০৪-১০৬
সুনামগঞ্জের অতিথি পাখি ১০৭-১০৯
সুনামগঞ্জের হাওরের মাছ ১১০-১১১
শুঁটকি ১১২
সুনামগঞ্জের সীমান্ত হাট বাজার ১১৩
আবাসন ব্যবস্থা ১১৪
জেলাপরিষদ ডাক বাংলোর রুম ভাড়ার তালিকা ১১৬
সার্কিট হাউস, সুনামগঞ্জ ১১৭
যোগাযোগ ব্যবস্থা ১১৮-১১৯
জেলা ব্র্যান্ডিং সংক্রান্ত সভা-সেমিনার ১২০
জেলা ব্র্যান্ডিং সংক্ষিপ্ত কর্মপরিকল্পনা ১২১
জেলা ব্র্যান্ডিং বিষয়ক ০৩ (তিন) বছর মেয়াদী কর্মপরিকল্পনা ১২২-১২৩
সুনামগঞ্জ জেলার পর্যটনের প্রচারণার মাধ্যম ১২৪
জেলা ব্র্যান্ডিং: পরিবর্তনের গল্প ১২৫
ভ্রমণ সার্কিট ১২৭

Contents

Introduction to the District 21
Description of Logo and
Tag line for Branding 23

Tourism in Sunamganj

Ecotourism

Tanguar Haor 27-28
Bareker Tila 29
Niladri Lake 30
Shimul garden 31

Archaeological Tourism

Gourarong Jamidar Bari 32
Duhalia Zamidar Bari 33
Shukhai Jamidar Bari 34
Hahaliya Rajbari 35

Folk Culture Tourism

Hasan Raja 36
Shah Abdul Karim 38
Radharaman Dutta 39
Durbin Shah 40

Religious Places Tourism

Ponatirtho 41
Shah Arefin's Mazar 43
Ashwim Shah Mazar 44
Pagla Mosque 45
Court mosque 46
Temple of Shri Adwait Maha Lord 47
Narayantala Mission 48
Dhol Mela 49

My City Tourism

Sunamganj Traditional Museum 51
Riverview Park 52
Surma Valley Park 53
Shahid Freedom Fighter Jagat
Jyoti Public Library: Sunamganj 54
Shilpakala Academy 56

River and Haor Tourism

Haor-Baor 58
Jadukata River 59
Surma River 63
Chalti river & Kalni river 64
Dekhar Haor 65
Shanir haor & Naluar haor 66

Industrial Tourism

Chhatak Cement Company Limited 67
Lafarge Surma Cement Company Limited 68

Liberation War at Sunamganj

Bashtala Memorial 73
Dolura Memorial 75
Takerghat Memorial 76
Masehkhala Memorial 77
Mass killing Area 78-81
Union Liberation War Museum and Library 82
List of Liberation War Museum and Library 86

Life and livelihood of Haor par 87-96
Paddy of Sunamganj 97-99
Folk culture of Sunamganj District 100-103
Ethnic People 104-106
Migratory Birds at Sunamganj 107-109
Fishes of Haors 110-111
Dried Fish 112
Border Market of Sunamganj 113
Accommodation Facilities of Sunamganj 115
Tariff Chart of Zilla Parishad Dakbungalow 116
Circuit House, Sunamganj 117
Road Connectivity 118-119
Meeting-Seminar for District Branding 120
Short Action Plan about District Branding 121
Three years working plan about District Branding 122-123
Ways of Promotion about Tourism 124
District Branding : The story of change 126
Tour Circuit 128


Nongnam
Mawsynram
Nongnah
Cherrapunjee
Cherrapunji-Mawsynram
Reserve Forest
Borsora
Ranikor
Mawlong
Mawlynnong
Malikona
Nekora
Sonatola
Z2801
Z2804
তাহিরপুর
কোম্পানীগঞ্জ
Z2811
Z2810
Goniargon
Pagla
R370
জামালগঞ্জ
R280
Z2807
Dharon
Kazir Gaon
Mirpur
সিলেট
R250
Z3710
Z3706
Z2013
Balikandi
Derai
Goniganj
Z3701
Markuli
Bagmoyna
Niz Koronshi
N208
N2
R240
N207
Tahar Lamu
Google
ম্যাপ
ছবি ©2017 TerraMetrics,ম্যাপ ডেটা ©2017 Google
বাংলাদেশ
3D আর্থ দৃশ্যটি উপলব্ধ নয়
শর্তাদি
প্রতিক্রিয়া পাঠান
10 কিমি



সুনামগঞ্জ জেলা
INDIA
HABIGANJ ZILA
KISHOREGANJ ZILA
SYLHET ZILA
Zila Index of Bangladesh
LEGEND : সূচক
Sunamganj Zila Statistics
Scale : 1: 150,000, 1 C.M. = 1.50 K.M.













জেলা পরিচিতি

Introduction to the district

বাংলাদেশের উত্তর পূর্ব সীমান্তে খাসিয়া জৈন্তা পাহাড়ের কোল ঘেঁষে সুনামগঞ্জ জেলার অবস্থান। এ জেলার উত্তরে রয়েছে ভারতের মেঘালয়, দক্ষিণে হবিগঞ্জ জেলা, পূর্বে সিলেট জেলা এবং পশ্চিমে নেত্রকোনা জেলা।

কথিত আছে যে, জনৈক মোঘল সিপাহী সুনাম উদ্দিন এর নামানুসারে সুনামগঞ্জের নামকরণ করা হয়েছিল। কোন এক যুদ্ধে বীরোচিত কৃতিত্বের জন্য সম্রাট কর্তৃক সুনামদিকে (সুনাম উদ্দিন) এখানে কিছু ভূমি পুরস্কার হিসাবে দান করা হয়। উক্ত মোগল সৈন্য সুরমা নদীর তীরের সেই জমিতে সুনামগঞ্জ বাজার নির্মাণ করেন। এভাবে সুনামগঞ্জ নামের ও স্থানের উৎপত্তি হয়েছিল বলে ধারণা করা হয়ে থাকে।

সুনামগঞ্জ মহকুমা প্রতিষ্ঠিত হয় ১৮৭৭ খ্রি.। সুনামগঞ্জ জেলার প্রথম মহকুমা প্রশাসক ছিলেন মি. ব্ল্যাক। বর্তমানে সুনামগঞ্জ ১১ টি উপজেলা ও ১২ টি থানা নিয়ে গঠিত। এ জেলার আয়তন ৩৭৪৭.১৮ বর্গ কি.মি. এবং জনসংখ্যা ২৪,৬৭,৯৬৮ জন। তন্মধ্যে পুরুষ ১২,৩৬,১০৬ জন এবং মহিলা ১২,৩১,৮৬২ জন (আদমশুমারী ২০১১)। প্রতি বর্গ কিলোমিটারে জনসংখ্যার ঘনত্ব ৬৫৯ জন। পুরুষ-মহিলা অনুপাত ১০১:১০০।

The position of Sunamganj district is on the northeast border of Khasia Jainta hills. The district is north of Meghalaya, Habiganj district on the south, Sylhet district on the east and Netrokona district on the west.

It is said that Sunamganj was named after a Mughal soldier named 'Sunam Uddin'. For some of the heroic achievements in a war, the emperor donated to Sunam Uddin some land as a rewards. The Mughal army built Sunamganj Bazar on the bank of Surma river. By this process Sunamganj and the origin of this place are originated.

Sunamganj Sub division was established in 1877 AD. Sunamganj district's first sub-divisional officer was Mr. Black. Currently Sunamganj consists of 11 upazilas and 12 thanas. The area of this district is 3747.18sq km. And population is 24,67,968. Of them, 12,36,106 males and 12,31,862 females (census 2011). The population density is 659 people per square kilometer. Male-Female ratio 101: 100.







নির্বাচনী এলাকা ০৫ টি। মোট ভোটার সংখ্যা ১৫,০২,৯৭৩ জন। পুরুষ ভোটার ও মহিলা ভোটার যথাক্রমে ৭,৫১,২৬০ জন এবং ৭,৫১,৭১৩জন।

এ জেলায় ০৪টি পৌরসভা আছে। ইউনিয়ন আছে ৮৮টি এবং মৌজার সংখ্যা ১৫৩৫টি। নগরায়নের হার ১০.৩৮%। বার্ষিক বৃষ্টিপাত ৩৩৩৪ মি.মি.। বার্ষিক গড় তাপমাত্রা সর্বোচ্চ ৩৩.২° সেলসিয়াস, সর্বনিম্ন ১৩.৬° সেলসিয়াস। সরকারি হাসপাতালের সংখ্যা ১২টি এবং স্বাস্থ্য কেন্দ্র ২২টি। জনসংখ্যা বৃদ্ধির হার ২.০২%। শিশু মৃত্যুর হার ৬২ (প্রতিহাজারে)। গড় আয়ু ৬২ বছর।

সুনামগঞ্জ জেলায় স্বাক্ষরতার হার ৩৫%, পুরুষ ৩৬.০৯%, মহিলা ৩৩.০১ %। এ জেলায় ২৬ টি মহাবিদ্যালয় আছে যার মধ্যে সরকারি ২টি এবং বেসরকারি ২৪টি। মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা ২০৯টি, সরকারি ৫টি, বেসরকারি ২০৪ টি। সরকারি প্রাথমিক বিদ্যালয় আছে ৮৫৬টি এবং কমিউনিটি প্রাথমিক বিদ্যালয় ০৪টি। মাদ্রাসা ৯৭টি (সকল)।

সুনামগঞ্জ জেলায় মোট ২৬টি নদী এবং ৬৫টি হাওর আছে।পর্যটন শিল্পের অপার সম্ভাবনার লীলাভূমি এই সুনামগঞ্জ এ অবস্থিত প্রসিদ্ধ স্থানসমূহ হচ্ছে টাংগুয়ার হাওর, হাছন রাজার বাড়ি, লাউড়ের গড়, ডলুরা স্মৃতি সৌধ, পাগলা মসজিদ, দোহালিয়া জমিদার বাড়ি, ধলমেলা অনুষ্ঠান স্থল, টেকেরঘাট চুনাপাথর খনি প্রকল্প, পনাতীর্থ ধাম, গৌরারং জমিদারবাড়ি, নারায়ণতলা মিশন, টেংরাটিলা গ্যাস ফিল্ড, টাউনহল জামে মসজিদ, সৈয়দ উমেদ হারুন বোগদাদী (রহ:) মাজার ইত্যাদি।

Election area 05. Total voters are 15,02,973. Male voters and female voters, are, 7,51,260 and 7,51,713.

There are 04 municipalities in this district. The union 88 has 1535 mouzas. Urbanization rate is 10.38%. Annual rainfall is 3334 mm. Annual average temperature is 33.2° Celsius, minimum is 13.6° Celsius. Number of government hospitals are 12 and health centers 22. Population growth rate is 2.02%. Child mortality rate is 62 (per thousand). Average life expectancy is 62 years.

In Sunamganj district the literacy rate is 35%, male 36.09%, female 33.01%. There are 26 colleges in this district, of which there are 2 government and 24 non-government colleges. The number of secondary schools are 209, government 5, non-government 204. Government primary schools have 856 and community primary schools 04. Madrasah (all) 97.

Sunamganj district has 26 rivers and 65 haors. This district is the entertaining place of the tourism industry. The famous places located in Sunamganj are Tangar Haor, House of Hashan Raja, Laurgor, Dolura Memorial Monument, Pagla Mosque, Dohaliya Zamindar House, Takerghat Limestone Mine Project, Pannatirtha Dham, Gourarang Zamindarbari, Narayantala Mission, Tengratila Gas Field, Town Hall Jami Mosque, majar of Syed Umed Haroon Bogdadi.

ব্র্যান্ডিংয়ের লোগো এবং ট্যাগ লাইন পরিচিতি

হাওরকন্যা সুনামগঞ্জের মাছ, ধান আর গান
সুরমা তীরে এনেছে মুক্তিযুদ্ধে প্রাণ

সুনামগঞ্জ জেলা ব্র্যান্ডিং এর লোগোটিতে হাওর শুধু অপূর্ব সুনামগঞ্জকে প্রতিনিধিত্ব করেনা বরং একই সাথে হাওর পারের জীবন ও জীবিকার ও প্রতিচ্ছবিও বটে। সুনামগঞ্জে ছোট বড় মিলিয়ে প্রায় ৬৫ টি হাওর অবস্থিত যা সুনামগঞ্জকে বাংলাদেশের ৬৩টি জেলা থেকে অনন্য করেছে। এক এক ঋতুতে হাওর এক এক রূপে ধরা দেয়। বর্ষার সময় এখানে সমুদ্রের মত ঢেউ খেলে এবং মনে হয় গ্রামগুলো পানির উপর ভেসে রয়েছে। যেদিকে দৃষ্টি পরে পানি আর পানি তখন গ্রামগুলো কে মনে হয় এক একটি ছোট ছোট দ্বীপ। আবার শীতকালে অতিথি পাখির কলতানে মুখরিত থাকে হাওর । তারই প্রেক্ষিতে জেলা ব্র্যান্ডিং এ সুনামগঞ্জকে হাওর কন্যা বলা হয়েছে।

হাওরের রূপ রেখা পরিবর্তনের সাথে সাথে পরিবর্তিত হয় হাওর পারের মানুষের জীবন। এইসব হাওরগুলো মাছের আধার। শুধুমাত্র টাংগুয়ার হাওরেই প্রায় ২০০ প্রজাতির মাছ পাওয়া যায়। বাংলাদেশের মৎস্য সম্পদেরও সবচেয়ে বড় আধার এ জেলা ধান উৎপাদনে ও উদ্বৃত্ত।এ জেলার অধিবাসীদের চাহিদা পূরণ করে প্রতিবছর ধান আশেপাশের জেলায় সরবরাহ করা হয়ে থাকে।

শাহ আবদুল করিম, রাধামণ দত্ত, হাসন রাজা, দুর্বিন শাহ প্রমুখ সাধকের দেশ এই সুনামগঞ্জ। লোগোর নিচের দিকে একতারা হাতে বাউল সুনামগঞ্জের গানের ইতিহাস ও ঐতিহ্যকে তুলে ধরেছে। পল্লী ও লোকসংস্কৃতিতে আমরা পাই মাঝির ভরাট গলার গান, রাখালের বাঁশির সুর। এছাড়া আউল, বাউল, পীর, ফকির, দরবেশ, বৈষ্ণব-সন্ন্যাসীদের অসংখ্য সৃষ্টিশীল গান যা মানুষকে পরমেশ্বরের সন্ধান পেতে সাহায্য করে। এই জেলার পরতে পরতে ছড়িয়ে আছে সুরের আশ্চর্য মায়াজাল। এখানে আবাল বৃদ্ধ-বনিতা সকলেই যেন গানের পাখি।

আবার এই সুনামগঞ্জেই রয়েছে মুক্তিযুদ্ধের সময় বলিষ্ঠ কণ্ঠের সোচ্চার। লোগোতে অবস্থিত বাঁশতলা স্মৃতিসৌধ এ অঞ্চলের স্বাধীনতাকামী সাহসী মুক্তিযোদ্ধাদের বলিষ্ঠ ভূমিকার কথা ফুটিয়ে তুলেছে।



Description of Logo and Tag line for Branding

Fish, Paddy and Music of Sunamganj, daughter of Hoar
have brought the spirit in the liberation war to the Surma shore

The haor does not represent Sunamganj through Sunamganj district branding logo, but the life and livelihood of the haor can be reflected by this logo . In Sunamganj, there are about 65 haors, which make Sunamganj unique from 63 districts of Bangladesh. Haor in one season is different from other season. During the rainy season, the waves play like waves in the ocean and it appears that the villages are floating on water. Wherever the eyes look after the water and the water. Then the villages imagine as a small island. Again in the winter the haor are resounded by the birds tweeter. In the context of this, the district branding is called Sunamganj as a 'Daughter of Haor'.
Haor's changes create the change of the person lives on the bank of haor. These haor are available of fish species where only in Tanguar haor of about 200 species of fish. This district is the largest reservoir of fishes resources in Bangladesh and also the surplus of rice. Every year the rice is supplied to the neighboring districts by fulfilling the needs of the residents of this district.
Sunamganj is the land of Shah Abdul Karim, Radhaman Dutta, Hashan Raja, Durbin Shah and others. At the bottom of the logo, together, Baul has highlighted the history and tradition of Sunamganj's song. In their creation we found rural and folk culture, the flute tune of the shepherd. Besides, numerous songs like Aoul, Baul, Pir, Fakir, Saints, Vaisnava-Monks have numerous creative songs that help human to reach close to the god. The distric is surrounded by edgy songs . All the people in the district are singing as a singing bird.
Again this Sunamganj is strongly active during the liberation war. The Bashtola Memorial on the logo highlighted the strong role of the freedom fighters in this region's during liberation war.



২০০০ সালে ইউনেস্কো কর্তৃক ১০৩১ নং রামসার এলাকা হিসেবে ঘোষিত হয় টাংগুয়ার। কেবল সুনামগঞ্জ নয় গোটা বিশ্বে এই হাওরটি বিরল প্রজাতির মৎস্য ও অতিথি পাখির স্বর্গরাজ্য হিসেবে পরিচিত। এ হাওরে রয়েছে ১৫০ প্রজাতির উদ্ভিদ, ২০৮ প্রজাতির পাখি, ১৪১ প্রজাতির মৎস্য ও বন্য প্রাণি প্রজাতির বিপুল সমাহার। বাংলাদেশে সচরাচর দেখা যায় না এমন ৫৫ প্রজাতির মৎস্য, ৩১ প্রজাতির পাখি ও ৭ প্রজাতির জলাভূমির উদ্ভিদ, ১১ প্রজাতির উভচর প্রাণি ও ৬ প্রজাতির কচ্ছপ, ৭ প্রজাতির গিরগিটি, ২১ প্রজাতির সাপ দেখা যায়। পৃথিবীব্যাপী অস্থিত্ব হুমকির সম্মুখীন ২৬ প্রজাতির বন্য প্রাণির আবাসস্থল এই হাওর। এছাড়া টাংগুয়ার হাওরের মত পরিযায়ী পাখির staging route আর দ্বিতীয়টি নেই। পৃথিবীতে বিরল Pallas's fish-eagle, Rufous-vented Prinia পাখিসহ ৯২ প্রজাতির water birds, ৯৮ প্রজাতির পরিযায়ী পাখি দেখা যায়। হাওরে মাছ এবং জীববৈচিত্র্য যথাযথভাবে সংরক্ষিত না হওয়ায় সাম্প্রতিক বছরগুলোতে পরিযায়ী পাখির আগমনের সংখ্যা অনেকটাই হ্রাস পেয়েছে। সর্বোপরি টাংগুয়ার হাওরসহ চারপাশের নয়নাভিরাম প্রাকৃতিক সৌন্দর্য দেশী বিদেশী পর্যটকদের সহজেই আকৃষ্ট করে।

টাংগুয়ার হাওরকেন্দ্রিক ৮৮ গ্রামের জনসংখ্যা প্রায় ৬০ হাজার। টাংগুয়ার হাওর এলাকার ৮৮ গ্রামে বসবাসকারী জনসংখ্যা প্রায় ৬০ হাজার যাদের অধিকাংশই ভূমিহীন বা প্রান্তিক চাষী। বছরে মাত্র একটি ফসল এ এলাকায় উৎপাদন হওয়ায় এ বিপুল সংখ্যক জনগোষ্ঠী প্রত্যক্ষ বা পরোক্ষভাবে হাওরের উপর নির্ভরশীল।

হাওরের সম্পদের উপর নির্ভরশীলতা হ্রাসে সরকারসহ দেশী-বিদেশী একাধিক প্রতিষ্ঠান এ হাওরে প্রাণি সংরক্ষণ, কৃষি ও মৎস্য উৎপাদন বৃদ্ধি, প্রাণি এবং অতিথি পাখিদের নিরাপদ আবাস তৈরীর মাধ্যমে হাওরের কৃষিভিত্তিক পরিবেশ ও ঐতিহ্য সংরক্ষণ করার জন্য ব্যাপক পরিকল্পনা গ্রহণ করেছে।

In 2000, UNESCO declared it as 1031th Ramsar area . Not only in Sunamganj but also to the world, this haor is known as the kingdom of the rare species of fisheries and migratory birds. This haor contains 150 species of plants, 208 species of birds, 141 species of fish and huge variety of wildlife species. There are 55 species of fish that are not visible in Bangladesh, 31 species of birds, 7 species of wetlands, 11 species of amphibians and 6 species of turtles, 7 species of lizards, and 21 species of snakes can be seen. This haor is the home for 26 species of wild animals which are about to extinct across the world. Apart from Tangua haor, there is no second shelter for the staging route of the birds. Almost 92 species of water birds and 98 species of migratory birds with the rare Pallas's fish-eagle, Rufous-vented Prinia bird are found in this haor. As the haor fishes and biodiversity are not properly preserved, the arrival of migratory birds has decreased in the recent years. Above all, the scenic beauty of Tanguar haor, surrounded by natural beauty, attracts and fascinates the foreign tourists easily.

The population of 88 villages in Tangua haor area is about 60 thousand people who are mostly landless or marginal farmers. Due to the fact that only one crop produced a year in this area; this large number of people is directly or indirectly dependent on haor.

In order to reduce the reliance on the haor's property, many foreign domestic organizations including the government have taken extensive plans to preserve the agro-based environment and heritage of haor by increasing water conservation, increasing agricultural and fishery production, making animals habitable for their habitats.











বারেকের টিলা

তাহিরপুরের যাদুকাটা নদীর পশ্চিম তীর ঘেঁষে রয়েছে প্রায় ৩শ ফুট উঁচু নয়নাভিরাম বারেকের টিলা। যাদুকাটা নদীর তীর থেকে পাহাড়ি আঁকাবাঁকা উঁচু পথ বেয়ে বারেকের টিলার উপরে উঠলে চোখে পড়ে সারি সারি ফলজ-বনজ ও ঔষধি গাছ।

টিলার উপর রয়েছে ক্ষুদ্র নৃ-গোষ্ঠিদের গ্রাম কড়াইগড়া ও রাজাই, তাদের বসতির ফাঁকে ফাঁকে রয়েছে বাঙালি বসতি। টিলার উপরে রয়েছে একটি গির্জা। এছাড়া পাহাড়ের উপর বাংলাদেশ বর্ডার গার্ড-এর পর্যবেক্ষণ টাওয়ার রয়েছে ।

Bareker Tila

The mount is situated at the west bank of Jadukata river and is above 300 feet from sea level. After climbing up to the mount top through a zigzag pathway, one will be able to see rows of fruit-forest trees and medicinal plants. On the mount-top, there is the tribal village named Karaigara and Rajai and in between the tribal community settlement, there is also little Bengali settlement. In addition, there is a church on top of the mountain along with an observation tower of Bangladesh Border Guard (BGB).



নীলাদ্রি লেক

নীলাদ্রি লেক খ্যাত পর্যটন স্থানটি চুনাপাথরের পরিত্যক্ত খনির লাইম স্টোন লেক। সুনামগঞ্জ জেলার তাহিরপুর উপজেলার উত্তর শ্রীপুর ইউনিয়নের টেকেরঘাট নামক গ্রামে নীলাদ্রি লেকের অবস্থান। এই লেকের প্রকৃত নাম শহীদ সিরাজ লেক।

কিন্তু ভ্রমণকারীদের কাছে এই লেক নীলাদ্রি নামেই অধিক পরিচিত। অবশ্য স্থানীয় লোকজন একে টেকেরঘাট পাথর কোয়ারি নামে চেনে। চমৎকার নীল পানি, ছোট বড় টিলা আর পাথরের সমন্বয় নীলাদ্রি লেককে করেছে অপার্থিব সৌন্দর্যের অধিকারী।



Niladri Lake

Niladri Lake is actually abandoned limestone mines and it is a popular touorist spot. The lake is located in Takerghat village under North Shripur Union of Tahirpur upazilla. The lake was originally known as Shahid Siraj Lake; however, this lake is popularly known as Niladri Lake in the tourist community. Locally this lake known by Takerghat stone quarry. The beauty of the Niladri Lake has amazing blend of beautiful blue water, small mounts and boulders in the lake.



শিমুল বাগান

১০০ বিঘার বেশি জায়গা জুড়ে সুনামগঞ্জের তাহিরপুরে যাদুকাটা নদীর তীরে এই শিমুল ফুলের বাগান। পাশাপাশি আছে লেবু গাছ। ওপারে ভারতের মেঘালয় পাহাড়, মাঝে যাদুকাটা নদী আর এপারে শিমুলের বন। সব মিলেমিশে গড়ে তুলেছে প্রকৃতির এক অনবদ্য কাব্য। ১৪ বছর আগে ২ হাজার ৪০০ শতক জমিতে শুধুই সৌখিনতার বশে এই শিমুল বাগান গড়ে তুলেন জয়নাল আবেদীন নামে স্থানীয় এক ধনাঢ্য ব্যবসায়ী। বসন্তে যখন এক সাথে দুহাজার গাছ ফুলে ফুলে ভরে ওঠে তখন তা পর্যটকদের নজর না কেড়ে উপায় কি?



Shimul Garden

This Shimul garden is on the banks of the Jadukta river at Tahirpur in Sunamganj district, over 100 bighas of land. There are also lemon trees as well. The Meghalaya hills of India are on the other side, the Shimul garden is another side and in the middle Jadukata river is flowing. All these create a versatile poem of nature. 14 years ago, a renowned businessman named Joynal Abedin produces this garden on 24 acres of land only from own inspiration. In spring when two thousands trees bloom together, then is there any way to deny this attraction by tourists?





প্রত্নতাত্ত্বিক ইকোট্যুরিজম
Archaeological Tourism

গৌরারং জমিদার বাড়ি

সুনামগঞ্জ শহর থেকে মাত্র পাঁচ-ছয় কিলোমিটার পশ্চিমে গৌরারং ইউনিয়নের গৌরারং গ্রামে গৌরারং জমিদার বাড়িটির অবস্থান। ঐতিহ্যবাহী জমিদার বাড়ির বয়স পাঁচ শতাধিক বছর। বাড়িটির অপূর্ব নির্মাণশৈলী দেখে আন্দাজ করা যায়, এক সময় গৌরারং জমিদারি বিশাল ও প্রসিদ্ধ ছিল। সুনামগঞ্জ শহরের সাহেববাড়ি ঘাট থেকে নৌকায় টুকেরঘাট এবং সেখান থেকে রিকশায় গৌরারং জমিদার বাড়িতে যাওয়া যায়।

Gourarong Jamidar Bari

Gourarong Jamidar Bari is located at Gourarong village of Gourarong union is about 5-6 kilometers west from the Sunamganj city. The ancient landlord house is five hundred years old. From the wonderful architecture of the structure it can be estimated that once Gaurang Jamidarbari was huge, influential and famous. To visit the ancient structure, one needs to travel from Shahebbari ghat of Sunamganj city to Tukarghat by boat, and from there one needs to travel using rickshaw.



দোহালিয়া জমিদার বাড়ি

দোয়ারাবাজার উপজেলার দোহালিয়া গ্রামে অবস্থিত। এটি একটি দর্শনীয় বাড়ি। বিশিষ্ট দার্শনিক দেওয়ান মোহাম্মদ আজরফের জন্মস্থান এটি। সুনামগঞ্জ পুরাতন বাসস্ট্যান্ড এবং দোয়ারাবাজার উপজেলা সদর হতে সিএনজি, টেম্পু, লেগুনা, গাড়ি করে সরাসরি দোহালিয়া গ্রাম পর্যন্ত যাওয়া যায়।

Duhalia Zamidar Bari

Duhalia Zamidar Bari (House of the Duhalia Zamidar/Landlord) is located at the village Duhalia of Duarabazar Upazila. This is the birthplace of noted philosopher Dewan Mohammed Azrof. One can go to Duhalia village easily from the old bus station of Sunamganj Sadar as well as from Duarabazar Upazila by CNG, Leguna, Car and other Transport.







সুখাইড় জমিদার বাড়ি

সুখাইড় জমিদার বাড়িকে একসময় বলা হতো লাউর রাজ্যের রাজমহল। ১৯২২-২৩ সালের সুখাই-এর নানকার বিদ্রোহ উল্লেখযোগ্য। ব্রিটিশ বিরোধী এই আন্দোলনে সুনামগঞ্জ জেলার বহু নেতা-কর্মী সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন। ধর্মপাশা উপজেলায় অবস্থিত পাশুয়া বিলকে সামনে রেখে নির্মিত এ বাড়ি দূর থেকে দেখলে মনে হয় ভাসমান কোন নগরী।

Shukhai Jamidar Bari

Shukhai Jamidarbari was once known as Rajmahal of the kingdom of Laura. Nankar Revolt of Shukhai during 1922-23 was notable. Many opposition activists of Sunamganj district actively participated in the anti-British movement. Built infront of the Pashura swamp in Dharmapasha upazilla, the structure seems to be a floating city when looked from a distant location.





হলহলিয়ার রাজবাড়ি

প্রাচীন লাউড় রাজ্যর অন্তর্গত বর্তমানে বাংলাদেশের উত্তর-পূর্বাঞ্চলের সুনামগঞ্জ জেলার তাহিরপুর উপজেলার দক্ষিণ বড়দল ইউনিয়নের হলহলিয়া গ্রামে লাউড় রাজ্যর রাজধানী নিদর্শন বা অন্য কোন প্রাচীন নিদর্শন মাটির নীচে প্রথিত আছে বলে অনেক গবেষক মনে করে থাকেন। বর্তমানে হলহলিয়ার রাজবাড়িটি একটি আয়তাকার প্রাচীর বেষ্টিত দুর্গাকার নির্মিত একটি পরিকাঠামোর ধ্বংসাবশেষ। রাজবাড়িটির মাটির উপড়ে দৃশ্যমান ধ্বংসাবশেষটি প্রায় চার শতাধিক বছরের পুরানো দুর্গের নিদর্শন। এখানে প্রত্নতাত্ত্বিক খনন কার্য চালানো হলে প্রকৃতই লাউড় রাজ্যর রাজধানীর নিদর্শন আছে কি না তা জানা যাবে এবং সুনামগঞ্জের একমাত্র পুরা নিদর্শন হিসেবে একে সংরক্ষণ করা যাবে।

Hahaliya Rajbari

Many researchers believe that the symbol of the capital city of Laur or any ancient indication lied in the village Hahaliya under Tahirpur upazila of Sunamganj district of the northern area of Bangladesh. The ruins of an architectural structure, which is now surrounded by a rectangular wall, is situated in the city of Halhaliya. The ruins of the Rajbari clay on the ground are about 400 years old. If archaeological excavation is run here, one may know whether there are real signs of the capital of Laur State or not and therefore, it can be stored as Sunamganj's only complete monument.

লোকজ ট্যুরিজম
Folk Culture Tourism



হাসন রাজার সমাধি
Hasan Raja's Tomb



হাসন রাজা মিউজিয়াম
Hasan Raja museum



মরমি কবি হাসন রাজা (১৮৫৪-১৯২২)









হাসন রাজা

মরমি কবি ও সাধক হাসন রাজা সিলেটের বিশ্বনাথ উপজেলার রামপাশায় ১৮৫৪ খ্রিস্টাব্দে লক্ষণশ্রী গ্রামের এক জমিদার পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর প্রকৃত নাম দেওয়ান হাসন রাজা চৌধুরী । তিনি ছিলেন একজন ঐশীপ্রেমী এবং গানের বাণীতে নিজেকে পাগলা হাসন রাজা, উদাসী, দেওয়ানা, বাউলা ইত্যাদি বলে অভিহিত করেছেন। হাছন রাজার চিন্তা ভাবনার পরিচয় পাওয়া যায় তাঁর গানে। তিনি কত গান রচনা করেছেন তার সঠিক হিসাব পাওয়া যায়নি। 'হাছন দাস' গ্রন্থে তাঁর ২০৬টি গান সংকলিত হয়েছে। এর বাইরে আরও কিছু গান 'হাছন রাজার তিনপুরুষ' এবং 'আল ইসলাহ' সহ বিভিন্ন পত্রিকায় প্রকাশিত হয়েছে।

শোনা যায়, হাসন রাজার উত্তরপুরুষের কাছে তাঁর গানের পাণ্ডুলিপি আছে। অনুমান করা চলে তাঁর অনেক গান এখনো সিলেট-সুনামগঞ্জের লোকের মুখে মুখে আছে, কালের নিয়মে বেশ কিছু গান বিলুপ্ত হয়ে গেছে। ১৯২২ সালের ৭ ডিসেম্বর তাঁর মৃত্যু হয়। সুরমা নদীর তীরে অবস্থিত তাঁর এ পৈতৃক বাড়ি দেখতে প্রতিদিন অসংখ্য পর্যটক এসে থাকেন । এখানে হাসন রাজা মিউজিয়াম রয়েছে এবং অদূরেই রয়েছে হাসন রাজার সমাধি ।

Hasan Raja

Hassan Raja, known as the mystic poet and a sage was born in 1854 in a Jamidar family of Lakshanshree village in Bishanath upazilla of Sylhet. His original name is Dewan Hasan Raja Chowdhury. He was a pacifist and lyricist, and in some of his lyrics he proclaimed himself as Pagla Hassan Raja, Udasi, Dewana, Baula etc. Hasan Raja's thoughts and feelings are expressed in his song. Unfortunately, there is no specific information available on how many songs he had composed; however, one document named 'Hasan das' compiled 206 songs composed by Hasan Raja. Apart from this, several other songs of the poet were published in newspapers including "Hasan Rajar Tinpurush' and 'Al Islah'. It is heard that the descendant of Hasan Raja has few manuscripts of his song. In addition to these, many of his songs are still sung by residents residing at Sylhet-Sunamganj, though some have extinct or are near to extinction. The famous poet died on December 7, 1922. There are many tourists visiting to see his ancestral home situated on the bank of Surma river. A small museum along with his tomb is established inside the Hasan Raja museum.





বাউলসম্রাট শাহ আবদুল করিম (১৯১৬-২০০৯)

শাহ আবদুল করিম

সুনামগঞ্জ জেলার দিরাই উপজেলার ধল আশ্রম গ্রামে রয়েছে বাউলসম্রাট খ্যাত শাহ আবদুল করিম-এর বসতভিটা। বাংলা বাউল গানের জীবন্ত কিংবদন্তী শাহ আবদুল করিম ১৯১৬ সালের ১৫ ফেব্রুয়ারি সুনাগঞ্জের দিরাই থানার উজানধল গ্রামে জন্মগ্রহণ করেন। দারিদ্র ও জীবন সংগ্রামের মাঝে বড় হওয়া শাহ আবদুল করিমের সঙ্গীত সাধনার শুরু ছেলেবেলা থেকেই। বাউল সম্রাটের প্রেরণা তাঁর স্ত্রী আফতাবুন্নেছা। তিনি তাকে আদর করে ডাকতেন 'সরলা'। ভাটি অঞ্চলের মানুষের জীবনের সুখ প্রেম-ভালোবাসার পাশাপাশি তাঁর গান কথা বলে সকল অন্যায়, অবিচার, কুসংস্কার আর সাম্প্রদায়িকতার বিরুদ্ধে। তিনি তাঁর গানের অনুপ্রেরণা পেয়েছেন প্রখ্যাত বাউল সম্রাট ফকির লালন শাহ, পুঞ্জ শাহ এবং দুদ্দু শাহ এর দর্শন থেকে। যদিও দারিদ্র তাঁকে বাধ্য করে কৃষিকাজে তাঁর শ্রম ব্যয় করতে কিন্তু কোন কিছু তাঁকে গান সৃষ্টি করা থেকে বিরত রাখতে পারেনি। তিনি আধ্যাত্মিক ও বাউল গানের দীক্ষা লাভ করেছেন কামাল উদ্দীন, সাধক রশীদ উদ্দীন, শাহ ইব্রাহীম মাস্তান বকশ এর কাছ থেকে। তিনি শরিয়তি, মারফতি, নবুয়ত, বেলায়া সহ সব ধরণের বাউল গান এবং গানের অন্যান্য শাখার চর্চাও করেছেন।

Shah Abdul Karim

The residence of Shah Abdul Karim, the famous Baul emperor, is located in the village of Dhal Ashram in Derai upazilla of Sunamganj district. This legendary poet of the Bengali Baul song, Shah Abdul Karim was born on 15 February, 1916 in Ujandhol village under Dirai thana. Despite fighting poverty and life struggles, Shah Abdul Karim started his journey in the field of music since his childhood. He was inspired by his wife Aftabunnesa whom he used to call 'Sorola'. In addition to reflecting the love and affection across the people residing in Bhati region, Shah Abdul Karim composed songs and through his songs he protested against all wrong doings, injustices, superstitions and communalisms. He got his inspiration in philosophy from the famous Baul emperor Fakir Lalon Shah, Punj Shah and Duddo Shah. Although poverty forced him to spend his labor in farming, but nothing could prevent him from composing music.He received spiritual and guidance on Baul song composition from Kamal Uddin, Sadhak Rashid Uddin, Shah Ibrahim Mastan Baksh.He also practiced Shariati, Marfati, Nabiyat, Bella and all other types of Baul songs and other forms of music during his lifetime.





লোককবি রাধারমণ দত্ত (১৮৩৩-১৯১৫)

রাধারমণ দত্ত

বাংলা লোকসংগীতের পুরোধা লোক কবি রাধারমণ দত্ত। তাঁর রচিত ধামাইল গান সিলেট ও ভারতের বাঙালিদের কাছে পরম আদরের ধন। সুনামগঞ্জের জগন্নাথপুর উপজেলায় তাঁর সমাধি বহু পর্যটকদের আকৃষ্ট করে। জেলা সদর থেকে বাস বা সিএনজি করে এবং উপজেলা সদর থেকে রিক্সা করে তাঁর সমাধি স্থলে যাওয়া যায়।

রাধারমণ নিজের মেধা ও দর্শনকে কাজে লাগিয়ে মানুষের মনে চিরস্থায়ী আসন করে নিয়েছেন। কৃষ্ণ বিরহের আকুতি আর না পাওয়ার ব্যথা কিংবা সব পেয়েও না পাওয়ার কষ্ট তাকে সাধকে পরিণত করেছে। তিনি দেহতত্ত্ব, ভক্তিমূলক, অনুরাগ, প্রেম, ভজন, ধামাইলসহ নানা ধরনের কয়েক হাজার গান রচনা করেছেন। কবি রাধারমণের পারিবারিক ঐতিহ্যের ধারাবাহিকতায় উপাসনার প্রধান অবলম্বন সংগীতের সঙ্গে তাঁর পরিচয় ছিল শৈশব থেকেই। কালক্রমে তিনি একজন স্বভাব কবি হিসেবে আত্মপ্রকাশ করেন। রচনা করেন হাজার হাজার বাউল গান। লিখেছেন কয়েকশ ধামাইল গান।

Radharaman Dutta

Radharaman Dutta is a poet of Bengali folk music. His composed Dhamail songs are treasured by the people of Sylhet and Indian Bengalis. His tomb attracts many tourists which is located at Jagannathpur upazila of Sunamganj. One can travel to the tomb from Sunamganj city using a bus or a CNG, and using a rickshaw from upazilla. Radharaman used his talent and philosophy to make memorable in the mind of the people. The pain of Krishna's break-up and incomplete lover may be losing everything after having everything induced him to become a sage. He composed thousands of songs relating to Dhammatology, Devotional, Anurag, Love, Bhajan, Dhamail music. As part of family tradition and culture, he was introduced to music, the main instrument of worship, from his childhood. With time he became a natural poet and had composed numerous of Baul and Dhamail songs.





লোককবি দুর্বিন শাহ (১৯২০-১৯৭৭)

দুর্বিন শাহ

অচিনা এক জংলা পাখি, থাকে মাটির পিঞ্জিরায়, ধরা দেয় না ঘরে বাইরে, আসা-যাওয়া সর্বদায়। এমনি বহু জনপ্রিয় গান যিনি সৃষ্টি করে গেছেন, তিনি মরমী সাধক দুর্বিন শাহ। বৃহত্তর সিলেটের সুনামগঞ্জ জেলার ছাতক সিমেন্ট ফ্যাক্টরি লাগোয়া দুর্বিন টিলায় ১৯২১ সালে (বাংলা ১৩২৭ সনের ১৫ কার্তিক) জন্মগ্রহণ করেন তিনি। তাঁর বাবা মরহুম সফাত শাহও ছিলেন একজন আধ্যাত্মিক সাধক।

Durbin Shah

An unknown wild bird, living in the cage made out of clay, it can't be caught neither at home nor at the outside, but he always comes and go.
As this one a lot of popular songs were written by mystical saint Durbin shah. He was born in 1921 (15 kartik, 1327- according to Bangla calendar) at Chatak, Sunamganj, on a hillock located close to Chatak Cement Factory. Which is now known as Durbin tilla. His father late Safat shah was also a spiritual saint.



ধর্মীয় স্থান পর্যটন
Religious Places Tourism



পণাতীর্থ

তাহিরপুর উপজেলার যাদুকাটা নদীতে পণাতীর্থ অনুষ্ঠিত হয়। ইতিহাস থেকে জানা যায়, ১৪০০ খ্রিস্টাব্দের মাঝামাঝি সময়ে হিন্দুধর্মের সাধক পুরুষ অদ্বৈত মহাপ্রভুর মা লাভা দেবীর গঙ্গাস্নানের খুব ইচ্ছা ছিল। কিন্তু শারীরিক সামর্থ্যের অভাবে ইচ্ছা পূরণের সম্ভাবনা ছিলনা। অদ্বৈত মহাপ্রভু তাঁর মায়ের ইচ্ছা পূরণের জন্য যোগসাধনা বলে পৃথিবীর সমস্ত তীর্থের পূণ্য জল এক নদীতে এক ধারায় প্রবাহিত করে দিয়েছিলেন। এই জলধারাই পুরনো রেনুকা নদী বর্তমানে যা যাদুকাটা নদী নামে প্রবাহিত। তাহিরপুর থানার এই নদীর তীরে পনাতীর্থে প্রতিবছর চৈত্র মাসে বারুণী মেলা হয়। এই মেলা বারুণীযোগ বারুণী নামে স্থানীয়ভাবে পরিচিত। প্রতিবছর লাখো হিন্দুপূণ্যার্থীর সমাবেশ ঘটে এই বারুণী মেলায়। বিভিন্ন ধর্মাবলম্বীর মানুষ এই মেলা দেখার জন্য পনাতীর্থে মিলিত হন।

সনাতন ধর্মালম্বীদের বিশ্বাস অনুযায়ী চৈত্র মাসের মধুকৃষ্ণা ত্রয়োদশী তিথিতে গঙ্গা যমুনা স্বরস্বতীসহ সাত পূণ্য নদীর প্রবাহ একসঙ্গে যাদুকাটায় এসে মিলিত হয় এবং এ সময় নদীর জল পবিত্র হয়ে ওঠে। সুনামগঞ্জ সদর হতে লেগুনা, ইজিবাইক, ট্রলি, পিকআপ এবং মোটর সাইকেল যোগে যাওয়া যায়।

Ponatirtho

Ponatirtho is organized at the Jadukatariver under Tahirpur upazilla. From history, it is known that in the middle of 1400 AD, there was a great desire for the Ganga-Swan (shower) of Lava Devi, mother of Aditya Mahaprabhu, the holy man of Hinduism. But there was no possibility of fulfilling desire due to lack of her physical fitness. In order to fulfill his mother's wishes Mahaprabhu, the great devotee, through his spiritual powers made a stream of all the holy place of the world in one of the rivers. Once known as the Renuka river is now known as Jadukata river. The Barani fair is held every year in the Bengali month of Chaitra which is organized by Tahirpur administration at the bank of this river. This fair is known locally as Barunijogh Baruni. Millions of Hindus gather in the Baruni Mela every year. People of various religion also join in to attend the fair as part of local culture.

According to the beliefs of Conservative (Sonatan) Hindu community, the water flows of Padma and Ganges flow at the same stream and run through the Jadukata river making the river water completely pure. This is believed to happen on the third day of the Bengali Chaitra month. The event place can be visited from Sunamganj Sadar by travelling using local transport including easybike, trolley, pick-up vehicles, leguna.



হিন্দুপুণ্যার্থীদের অংশগ্রহণে বারুণী মেলা
Baruni Mela with the participation of Hindus





শাহ্ আরেফিনের মাজার

সুনামগঞ্জ জেলার তাহিরপুর উপজেলায় লাউরের গড় অবস্থিত। লাউরের গড় পাহাড়ের পাদদেশে অবস্থিত একটি প্রাচীন জনপদ, এতে হযরত শাহ আরেফিন (রাঃ) এর দরগা শরীফ অবস্থিত। আধ্যাতিক সুফি শাহ আরেফিনের মাজার তাহিরপুরের যাদুকাটা নদী সংলগ্ন পাহাড়ের পাদদেশে অবস্থিত।

প্রতিবছর তাঁর উফাত দিবসে ওরস ও বারুণী মেলায় ভারত থেকেও অনেক ভক্ত উপস্থিত হন। বর্ষাকালে সাহেব বাড়ি ঘাট হতে স্পীড বোট অথবা ইঞ্জিন বোটে গন্তব্যে পৌঁছানো যায়। শুকনো মৌসুমে মোটর সাইকেল যোগে লাউরের গড় পর্যন্ত পৌঁছানো যায়।

Shah Arefin's Mazar

The fort of Laura is located in Tahirpur upazilla of Sunamganj district. Darga Sharif of Hazrat Shah Arefin (R) is located in an ancient township on the foothills of Laura's fort hill. The shrine of the spiritual Sufi Shah Arefin is located at the foothills of the hill adjacent to the Jadukata river of Tahirpur. Many devotees from India participate in the occasion of his death day (Orosh Dibosh) and in Baruni fair. In the rainy season, the event spot can be reached using a speed-boat or an engine-boat from the Shaheb Ghat. During dry season, motorcycle can be used to reach the event location from the fort of Laur.



আছিম শাহর মাজার

হযরত আছিম শাহর মাজারটি জগন্নাথপুর উপজেলা সদর হতে প্রায় ১.৫ কিঃ মিঃ দূরে জগন্নাথপুর মৌজার আছিমনগরে অবস্থিত। তিনি সুফী মরমি শিল্পী ছিলেন। তিনি ১২৫০ বঙ্গাব্দের আশ্বিন মাসে জন্মগ্রহণ করেন এবং ১৩৫৩ বঙ্গাব্দের ২৬ আশ্বিন মৃত্যুবরণ করেন। তিনি মহান বাউল সাধক কবি রাধারমণ দত্ত এর সমসাময়িক কবি ছিলেন। তিনি প্রায় সহস্রাধিক গান রচনা করেছেন মর্মে জানা যায়। তার পিতার নাম ছিল শাহ বদর উদ্দিন মুন্সী। তার পিতা একজন আলীম ও হেকিম শাস্ত্রে পারদর্শী ছিলেন। বর্তমানে মাজারটি আছিম শাহ এর প্রৌপুত্র জনাব খোয়াজ আলী এর তত্ত্বাবধানে আছে।

Ashwim Shah's Mazar

The Mazar of Hazrat Ashwim Shah is located at Achim-Nagar under Jagannathpur upazilla which is about 1.5 kilometers away from sadar Jagannathpur. He was a Sufi sage. He was born in 1250 Bengali year in the month of Ashwin and died in his house on the 26 Ashwin of 1353 Bengali year. He was a contemporary poet of the great Baul saint poet Radharman Dutta. He is known to have composed nearly thousands of songs. His father's name was Shah Badar Uddin Munshi. His father was an expert in the field of Alim and Hakim. At present, the shrine is under the supervision of Mr. Khawaz Ali, one of the descendants of Ashwim Shah.



পাগলা মসজিদ

পাগলা জামে মসজিদটি সুনামগঞ্জ জেলার দক্ষিণ সুনামগঞ্জ উপজেলায় সিলেট-সুনামগঞ্জ মহাসড়কে পাগলা বাজারে অবস্থিত। পাগলা জামে মসজিদ সিলেট থেকে ১ ঘন্টা গাড়ি দূরত্বে সিলেট সুনামগঞ্জ মহাসড়কের পার্শ্বে দক্ষিণ সুনামগঞ্জ উপজেলার পাগলা নামক স্থানে মহাসিং নদীর তীরে অবস্থিত। মূলত নির্মাণশৈলী ও অপূর্ব কারুকার্যের জন্য এই মসজিদটি বিখ্যাত। এলাকায় এই মসজিদ রায়পুর বড় মসজিদ নামেও পরিচিত।

Pagla Mosque

Pagla Jame Mosque is located at Pagla Bazar on the Sylhet-Sunamganj highway in the South Sunamganj upazilla of Sunamganj district. Pagla Jame Mosque is at an hour away drive from Sylhet and falls on the Sylhet-Sunamganj highway. The mosque is situated adjacent to the banks of the Mahasing river under Sunaganj upazilla. This mosque is famous for its architectural style and wonderful artwork. This mosque is also locally known as Raipur Boro Mosque.



কোর্ট মসজিদ

অনেকটা কোর্ট-আদালতের গা-ঘেঁষে অবস্থান ছিল বলেই এর নাম কোর্ট মসজিদ। এর এখন নাম হয়েছে কেন্দ্রিয় জামে মসজিদ। স্থাপতের দিক থেকে শহরের একটি অন্যতম নানন্দিক উপস্থাপনা।

Court Mosque

This mosque was known as court mosque because it is located very close to the courthouse. Now it is named as Central Jame Mosque. It is one of the most aesthetic representations of the city in respect of architecture.



শ্রী অদ্বৈত মহাপ্রভুর মন্দির

(১৪৩৪-১৫৩৭) শ্রী অদ্বৈত আচার্য লাউড়ের স্বাধীন রাজা দিব্য সিংহের মন্ত্রী কুবের আচার্যের সুযোগ্য সন্তান। তিনি শ্রী চৈতন্য দেবের গুরুত্বপূর্ণ শিষ্যদের অন্যতম । তিনি বৈষ্ণব সাহিত্যে অদ্বৈত মহাপ্রভু হিসাবে প্রসিদ্ধি লাভ করেন। লাউড়ের রাজা স্বয়ং অদ্বৈত মহাপ্রভুর শিষ্যত্ব গ্রহণ করেন ও লাউড়ের কৃষ্ণদাশ হন। অদ্বৈত আচার্যের বাল্য নাম ছিল কমলাক্ষ। তিনি তাহিরপুর উপজেলার বাদাঘাট ইউনিয়নের লাউড় পরগনার নবগ্রামে ১৪৩৫খ্রিঃ আবির্ভূত হন। মতান্তরে ১৪৩৪খ্রিঃ ও ধরে নেওয়া হয়। কমলাক্ষ নবদ্বীপে শিক্ষা গ্রহণ করেন। পরে তিনি শান্তিপুরে চতুষপাটি স্থাপন করে সেখানে কিছুদিন অধ্যাপনা করেন। বৈষ্ণব ধর্ম গ্রহণ করার পর তার নাম হয় অদ্বৈত। পঞ্চাদশ শতাব্দিতে অদ্বৈত আচার্য "চৈতন্য বিষয়ক পদ" রচনার সূত্রপাত করেন । অদ্বৈত প্রভুর পূন্যস্মৃতি বিজড়িত স্থান ও সাধনার ফসল পণাতীর্থ বা পণাতীর্থ আজোও এখানে তাঁর স্মৃতি বহন করে চলেছে।

Temple of Shri Adwait Maha Pravu

Shri Adwaita Acharya (1434-1537), the independent king of Laur, is a qualified child of Kuber Acharya, minister of Dibba Singh. He is one of the important disciples of Shri Chaitanya Dev. He gained popularity as an Atayat Mahaprabhu in the Vaishnava literature. The King of Laur himself took the disciple of Advaita Maha Pravu and the blacksmith of Laur.

He appeared in Nawab in Laur Pargana of Badghat Union of Tahirpur upazila in 1435 AD. Alternatively, 1434 AD is assumed. Kamalaksh took education at Navadvipa. Later, he established a four-foot house in Shantipur and taught there for some time. After receiving the Vaishnava religion, his name becomes Adwaita. Later, local devotees set up this temple in his name.



নারায়ণতলা মিশন

সুনামগঞ্জ সদর উপজেলার অন্তর্গত জাহাঙ্গীরনগর ইউনিয়নের নারায়ণতলা নামক স্থানে এটি অবস্থিত। সুরমা নদীর উত্তরে স্বগর্বে অবস্থিত নারায়ণতলা মিশন। এটি মূলত একটি খ্রিস্টান মিশন।

১৯৭২ সালে এই বিদ্যালয়টি প্রতিষ্ঠিত হয়। প্রতিষ্ঠার পর থেকেই এটি বিভিন্ন পাবলিক ও প্রতিযোগীতামূলক পরীক্ষায় তার ধারাবাহিক ঐতিহ্য নিয়ে স্বগৌরবে অবস্থান করছে। এই বিদ্যালয়টি একটি খ্রিস্টান মিশনারি বিদ্যালয় হলেও এতে হিন্দু, বৌদ্ধ, খ্রিস্টান ও মুসলমানসহ বিভিন্ন ধর্মের ছাত্রছাত্রীরা লেখাপড়া করে। সুনামগঞ্জ হতে নদী পার হয়ে ইজি বাইক, লেগুনা, টেম্পু পিকআপ ভ্যান ও মোটর সাইকেল যোগে যাওয়া যায় নারায়ণতলা মিশনে।



Narayantala Mission

The Narayantala Mission is located at Narayantala in Jahangirnagar union under Sunamganj Sadar upazilla. This Christian mission is situated on the north side of the Surma river. The missionary school was established in 1972 and since inception it has been upholding the fame of conducting variety of public and competitive examinations which has now become its legacy. Though this school is administered by the Christian community, students of different religions, including Hindu, Buddhist, Christian and Muslim, study in this school. Narayantala Mission can be reached by crossing the river from Sunamganj and then commuting through local transport including easy bike, tempo, pick-up van, leguna and motorcycle.



ধলমেলা

সুনামগঞ্জের দিরাই উপজেলার কালনী নদীর উজানধল গ্রামে প্রতিবছর ফাল্গুন মাসের প্রথম বুধবার এ মেলা অনুষ্ঠিত হয়। দিন থেকে পূজো অর্চনা শেষে পরদিন ভোরে শেষ হয় মেলা। কয়েক শ বছর আগ থেকেই এ মেলাটি অনুষ্ঠিত হয়ে এলেও শাহ আবদুল করিমের গানের কারণে দেশ-বিদেশে জনপ্রিয় হয়। ধলমেলার ঐতিহ্যবাহী পণ্য লাঠি, ইক্কু, বেল ও মিষ্টি। মেলায় আরো থাকে বাঁশ, বেত ও মাটির তৈজসপত্র, রসগোল্লার দোকান পুতুল, মাটির-প্লাস্টিকের বাসন ও তৈজসপত্রের দোকান। তাছাড়া ইদানিং মেলায় যাত্রা, সার্কাসসহ বিভিন্ন গ্রামীণ খেলার আসরও বসে। প্রতি বছর উক্ত মেলায় যাত্রা গান, বাউল গান, সার্কাস সহ বিভিন্ন বিনোদনের আয়োজন করা হয়। শাহ আবদুল করিমের শিষ্যরা আয়োজন করেন 'করিম সঙ্গীতে'র। সারারাত তাদের আসরে গাওয়া হয় শাহ আবদুল করিমের গান।



Dhol Mela

Each year Dhol Mela is held on the first Wednesday of Bengali month, Falgun at the river bank of Kalni located in Ujandhol village under Derai upazilla of Sunamganj. The fair starts and continues for the entire day of worship and ends on the next day. Despite being held for some hundred years; the songs of Shah Abdul Karim has made this religious festival more popular across nations. The traditional products of rheumatism include Lati, Ikku, bael and sweets. The fair also includes shops of products made up of bamboo, cane and clay utensils, clay-plastic utensils, in addition to basic utensils shops and sweets shops. Besides, the fair also becomes a hub for local games, circus. Every year, there are many entertainment programs including Jatra songs, Baul songs, circus, and other festive programs are being organized. The followers of Shah Abdul Karim organize 'Karim Music' that plays songs of Shah Abdul Karim during the entire night.

আমার শহর পর্যটন
My City Tourism



সুনামগঞ্জ ঐতিহ্য জাদুঘর
Sunamganj Traditional Museum



সুনামগঞ্জ ঐতিহ্য জাদুঘর

সুনামগঞ্জ শহরের প্রাণকেন্দ্রে পুরাতন কালেক্টরেট ভবন-কে ঐতিহ্য যাদুঘরে রূপান্তর করা হয়েছে। এখানে সুনামগঞ্জ এর ইতিহাস ঐতিহ্য ছাড়াও বিভিন্ন দুর্লভ জিনিসসমূহ পর্যটকদের জন্য উন্মুক্ত করা হয়েছে।শহরের প্রাণকেন্দ্রে অবস্থিত এ কেন্দ্রটি পর্যটকদের জন্য অন্যতম আকর্ষণের কেন্দ্র হিসেবে বিবেচিত হতে পারে।

Sunamganj Traditional Museum

The old collectorate building in Sunamganj city center has been converted into a traditional museum. In addition to historic tradition of Sunamganj, the museum contains many rare things that are open to tourists. This museum located in the center of the city may be considered as the center of attraction for tourists.

রিভারভিউ পার্ক

নাগরিকদের সুস্থ বিনোদন দিতে এবং প্রকৃতির কাছাকাছি দুদণ্ড সময় অতিবাহিত করার সুযোগ করে দিয়েছে সুনামগঞ্জ পৌরসভা। শহরে সরকারি জুবিলী স্কুলের মাঠের পাশে নির্মাণ করা হয়েছে 'রিভারভিউ' নামে একটি মিনি পার্ক। প্রায় এক লাখ জনসংখ্যা অধ্যুষিত এই শহররে জন্য ছোট্ট এই পার্কটি কিছুটা হলেও বিনোদনের চাহিদা মেটাতে পারছে। শহরবাসী রোজ বিকালে সুরমার জল-ছোঁয়া মিষ্টি হাওয়া গায়ে মাখতে মাখতে উপভোগ করেন সুউচ্চ মেঘালয়ের মনোমুগ্ধকর হাতছানী।

প্রকৃতির সঙ্গে মিলেমিশে একাকার মানুষগুলো আড্ডা-আমোদে পার করে দেন রাতের প্রথম প্রহর। সন্ধ্যা নামতেই আধো আলো আধো অন্ধকারে সুরমার জল থেকে ওঠে আসা গোধূলীর রঙিন প্রতিফলন এক কাব্যিক আমেজ এনে দেয় রিভারভিউয়ের ২৭শ বর্গফুট এলাকায়।

Riverview Park

Sunamganj Municipality has made the opportunity to provide good entertainment to the residents so that people can spend time in close proximity to nature. A mini park named 'Riverview' has been built beside the Government Jubilee School ground in the city at the bank of Surma river. Around 100,000 people are living in this little city. This riverview park has contributed to meet the demands of entertainment. In the afternoon, the residents can enjoy the sweet air of Surma's water-flowing, the sweet sunshine, yellow colour of dusk, and the magnificent handpiece of Meghalaya. People can spend quality time and make conversations while enjoying the beauty of nature. In the dark of the evening, the colourful reflection of the dusk coming from Surma's water brings a poetic fantasy in the 2700 square feet Riverview Park.









সুরমা ভ্যালী পার্ক

সুনামগঞ্জ শহরতলীর ধারারগাঁও এলাকায় ২ একর ৫০ শতক জমির উপর এই পার্ক নির্মাণ করা হয়েছে। পার্কের স্থায়িত্ব নিশ্চিতকরণসহ নদী ভাঙ্গন রুখতে প্রকল্প কাজে নদী শাসনও অন্তর্ভুক্ত করা হয়েছে। এ জন্য পার্ক সংলগ্ন নদীর তীরে সিসি ব্লক স্থাপন করা হয়। এই পার্কে শিশুদের খেলার সরঞ্জামাদিসহ সকল বয়সী লোকের সময় কাটানো ও নদীর মিষ্টি বাতাস উপভোগের সুযোগ রয়েছে।

Surma Valley Park

Surma Valley Park has been constructed on a land area of 2 acres and 50 decimals at Dharargaon area of Sunamganj city. Establishment of the park also led to extended activity of the project that will result in embankment protection and prevent river erosion; thus, CC blocks were established on the banks of the adjacent river. The park is equipped with gaming equipment for children and people irrespective of age can enjoy the beauty and freshness of the river.





শহীদ মুক্তিযোদ্ধা জগৎজ্যোতি পাবলিক লাইব্রেরি, সুনামগঞ্জ

১৯৫৯ সালের ১৭ জুন তারিখে সুনামগঞ্জ পাবলিক লাইব্রেরি নামে প্রথমে কার্যক্রম শুরু হয়। ১৯৭১ সালের স্বাধীনতার পর পর শহীদ মুক্তিযোদ্ধা জগৎজ্যোতি নামে নামকরণ করা হয়। উক্ত পাঠাগারের প্রথম সভাপতি ছিলেন তৎকালীন মহকুমা প্রশাসক জনাব বি. আর. নিজাম। বর্তমানে পাঠাগারে বইয়ের সংখ্যা ১২,৪৯১ (বার হাজার চারশত একানব্বই) টি। এখানে নিয়মিত বিভিন্ন পত্রিকা পাঠকদের জন্য রাখা হয়।

পাঠাগারটিতে ২৪০ আসন বিশিষ্ট একটি আধুনিক মিলনায়তন রয়েছে। পাঠাগারটিতে ৫২৯ জন দাতা সদস্য রয়েছে। পাঠাগারটিতে হাতের লেখা কোরআন শরীফও রয়েছে।



Shahid Freedom Fighter Jagat Jyoti Public Library Sunamganj

Shahid Freedom Fighter Jagat Jyoti Public Library started its journey on 17 June 1959 as Sunamganj Public Library. After post-independence, the library was renamed after Shahid Freedom Fighter JagatJyoti in 1971. The first chairman of the library was the then sub-divisional commissioner, Mr. B. R. Nizam. Currently, the number of books in the library totals to 12,491 (Twelve Thousand Four Hundred and Ninety-One) including printed and hand written Quran. Different newspapers including are collected and archived. The library has a modern auditorium which can accommodate 240 people. There are 529 donor members in this library.


জেলা শিল্পকলাএকাডেমি
সুনামগঞ্জ




সুনামগঞ্জ লোকসংস্কৃতি সংগ্রহশালা



সুনামগঞ্জ শিল্পকলা একাডেমি

জেলা শিল্পকলা একাডেমি, সুনামগঞ্জ দেশীয় শিল্প-সংস্কৃতির লালন-ধারণ-উৎকর্ষ সাধন ও বিকাশে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। তরুণ প্রজন্মের মধ্যে শিল্প-সংস্কৃতির আলো ছড়িয়ে দিতে; শিল্প সংস্কৃতি ঋদ্ধ মানবিক বাংলাদেশ বিনির্মাণে চারুকলা, উচ্চাঙ্গ নৃত্য, সাধারণ নৃত্য, উচ্চাঙ্গ সঙ্গীত, সাধারণ সঙ্গীত, নাটক, তালযন্ত্র বিষয়ে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। পাশাপাশি বর্তমানে ফোকলোর সেল ও ক্ষুদ্র-নৃগোষ্ঠী সেল এবং সুনামগঞ্জ লোকসংস্কৃতি সংগ্রহশালা গঠন করা হয়েছে। ইতোমধ্যে সুনামগঞ্জ জেলার ২৮জন লোককবির ৩৭৫০টি গান ডিজিটাল পদ্ধতিতে রেকর্ড করে সংরক্ষণ করা হয়েছে-যা বাংলাদেশে জেলা ভিত্তিক সর্বোচ্চ সংগ্রহ। চলচ্চিত্র বিষয়ে জেলা শিল্পকলা একাডেমি, সুনামগঞ্জ অগ্রণী ভূমিকা পালন করছে। ইতোমধ্যে সারা বাংলাদেশে জেলা শিল্পকলা একাডেমিগুলোতে যে চলচ্চিত্র সংসদ গঠন করা হয়েছে তার শুভ সূচনা করে জেলা শিল্পকলা একাডেমি, সুনামগঞ্জ।

মহাভারতের প্রথম বাংলা অনুবাদক মহাকবি সঞ্জয়ের স্মারকস্তম্ভ নির্মাণের কাজ সম্পন্ন হয়েছে এই একাডেমির প্রাঙ্গণে। মহাকবি সঞ্জয়ের জন্মস্থান ছিল সুনামগঞ্জ জেলার তাহিরপুর উপজেলার লাউড়ে। জেলার লোক ঐতিহ্য তুলে ধরার জন্য বৈষ্ণব কবি রাধারমণ দত্ত, মরমি কবি হাসন রাজা, বাউল সম্রাট শাহ আবদুল করিম ও দুর্বিন শাহর ভাস্কর্য স্থাপন করা হয়েছে। সুনামগঞ্জ জেলার শিল্প সাহিত্য অঙ্গনকে সমৃদ্ধ করতে শিল্পকলায় রয়েছে শাহ আবদুল করিম সংগ্রহশালা। এখানে জেলার গীতিকার, সুরকার, কবি, সাহিত্যকদের জীবনীসহ তাদের তথ্যাদি সংরক্ষণ করা আছে।

Sunamganj Shilpakala Academy

District Shilpakala Academy, Sunamganj is working relentlessly to develop and enhance the local arts and culture across the community people. To spread the light of art and culture and to enhance the culture of humanity among the young generation, the institution conducts several cultural training programs including arts and crafts, classical dance, general dance, classical music, general music, drama and musical instrument trainings. Besides, Folklore cell and Small Ethnic Cell and Sunamganj Folk Culture collection centers have been formed. Meanwhile, 3750 songs of 28 people of Sunamganj district have been recorded and digitally archived that is the highest collection of district based collection in Bangladesh. District Shilpakala Academy, Sunamganj is playing a leading role in the film industry of the district. The 'Film Council' led District Shilpakala Academy has been first established by District Shilpakala Aacdemy, Sunamganj in Bangladesh.

The work of building the memorial monument of Poet Sanjay, the first Bengali translator of the Mahabharata, is finished in academy premise. He was born in Lour of Tahirpur upazilla under Sunamganj district. To highlight the heritage of the district, sculptures of Vaishnava poet Radharman Dutta, mystic poet Hasan Raja, Baul Emperor Shah Abdul Karim and of Durbin Shah have been installed. In addition, to enrich the cultural heritage and preservation of arts, Shah Abdul Karim museum has been created, that preserves information of lyricists, composers, singers and of writers.


একমনচিত্ত হইয়া শুনে জেই জন।
ভবসিন্ধু পার হইয়া বৈকুণ্ঠগমন॥
ভবসিন্ধু তারিবারে কলিল সঙ্গে।
ভবসিন্ধু তারিবারে কলিল সঙ্গে।
ভবসিন্ধু তারিবারে কলিল সঙ্গে।

হাওর-বাওর

সুনামগঞ্জ জেলায় হাওরের সংখ্যা ৬৫ টি। পাশাপাশি ২৬ টি নদী মালার মত পেঁচিয়ে রেখেছে হাওরকন্যা সুনামগঞ্জকে। তাই এ এলাকার অপর পরিচিতি “ভাটির দেশ”। এ জলাভূমি গুলোতে নৌভ্রমণের মাধ্যমে প্রাকৃতিক দৃশ্য উপভোগের সুযোগ রয়েছে। বিখ্যাত হাওরগুলোর মধ্যে রয়েছে তাহিরপুরের টাংগুয়ায় অবস্থিত শনির হাওর। বাংলাদেশের অন্যতম বৃহৎ এ হাওরটি বর্ষায় সমুদ্রের রুপ ধারণ করে। দিগন্ত বিস্তৃত এ হাওরটি তাঁর অপরূপ সুধায় নিমিষেই হাজার পর্যটকদের আকৃষ্ট করতে পারে। সুনামগঞ্জ-সিলেট মহাসড়কের পাশে মেঘালয় পাহাড়ের কোল ঘেঁষে বিশাল এলাকা জুড়ে ছড়িয়ে রয়েছে দেখার হাওর। এ হাওরটি সত্যিই দেখার মত। মহাসড়কের একবারে পাশে থাকায় কোন পর্যটক সুনামগঞ্জে প্রবেশ পথেই এর অপরূপ সুধা পান করতে পারেন। এছাড়াও জগন্নাথপুরে রয়েছে বিখ্যাত নলুয়ার হাওর। জেলার ১১ টি উপজেলার ৬ টিই হাওর বেষ্ঠিত।

Haor-Baor

There are 52 Haor areas in Sunamganj. Besides, 26 rivers also mounded and twigged Sunamganj. Thus, another name of this area is "Land of Bhati". This offers the opportunity to enjoy landscaping through waterway navigations. Among them famous Haor and Tauguar and Shanir Haor which is located in Tahirpur upazilla. These Haor imitates the shape and look of a sea during the rainy season.

A wide range of horizons of this haor can attract thousands of tourists. Dekhar Haor covers a huge area along the Sunamganj-Sylhet highway on the banks of Meghalaya hills. The haor is really worth seeing and because of its location convenience; any tourist can stop by while entering Sunamgaanj to enjoy the beauty of the Haor area. There are also famous Naluar Haor in Jagannathpur upazilla. In Sunamganj, six of the eleven upazilas of the district encircled by Haor. In the rainy season the villages located in haor are small islands.

নদী ও হাওর পর্যটন
River and Haor Tourism



যাদুকাটা নদী

পর্যটকদের জন্য আকর্ষণীয় একটি স্থান যাদুকাটা নদী। যোগাযোগ ব্যবস্থা উন্নতির ফলে বর্তমানে দেশের বিভিন্ন জায়গা থেকে যাদুকাটা নদীর সৌন্দর্য অবলোকন করার জন্য পর্যটকরা ভীড় করছে। সুনামগঞ্জ জেলার তাহিরপুর উপজেলার মধ্য দিয়ে যাদুকাটা নদী প্রবাহিত। মেঘালয় পাহাড়ের মাঝখান দিয়ে এঁকেবেঁকে ছবির মত সুন্দর পাহাড়ী এ নদীটি ভারত হয়ে সুনামগঞ্জে প্রবেশ করেছে। এ নদীতে বারকি নৌকা ধরে পাথর সংগ্রহের দৃশ্য অবলোকন করা যায়। পাশাপাশি নদী তটে দাঁড়িয়ে দূরের মেঘালয় পাহাড়, পাহাড়ের উপর কাশফুলের মত ভাসমান সাদা সাদা মেঘ, বর্ষায় নেমে আসা ছোট বড় অনেক গুলো ঝর্ণা দেখা যায়, যা পর্যটকদের নিমেষেই এক স্বপ্নের রাজ্যে নিয়ে যায়। বর্তমানে যাদুকাটা নদীর উপর দিয়ে দেশের দর্শনীয় সেতু স্থাপনের জন্য ইতোমধ্যে দরপত্র প্রক্রিয়া শেষ হয়েছে। উক্ত সেতুর কাজ সম্পন্ন হলে পর্যটকদের সংখ্যা অনেকগুণ বৃদ্ধি পাবে বলে আশা করা যায়।

Jadukata River

Jahukata river is an attractive location for tourists. With the improvement of the communication system, more tourists now travel to Jadukata river from different places of the country to observe the beauty of this serene river. Jadukata flows through Tahirpur upazilla of Sunamganj distrist.

The beautiful hill trail of the river flows through the middle of the Meghalaya Mountain has entered Sunamganj through India. It is possible to view the collection of stones through Barki boats in this river. In addition, one can witness the beautiful Meghalaya hills standing on the river banks with white clouds floating like catkin on the hill. Moreover, several waterfalls can also be viewed during the rainy season. The blend of this scenario is like a dream for a tourist. The tender process has already been completed to build a spectacular bridge over the Jadukata river. It is expected that the number of tourists will significantly increase after the construction completion of the proposed bridge.



রূপের নদী যাদুকাটা
Jadujata, Spell-Bounding River



বারকি নৌকার বহর
Fleet of Barki Boats.



সুরমা নদী

সুরমা নদী নাগা-মণিপুরের জল বিভাজিকার দক্ষিণাঞ্চলীয় ঢাল থেকে উৎপন্ন। ভারতের আসাম রাজ্যের কাছাড় জেলার অমলশিদ নামক স্থানে সিলেট জেলার সীমান্তবর্তী গ্রাম বদরপুরে সুরমা ও কুশিয়ারা নামে দুটি পৃথক শাখায় বাংলাদেশে প্রবেশ করে। এর উত্তর দিকের শাখাটি সুরমা নামে প্রথমে পশ্চিম দিকে প্রবাহিত হয়ে পরে দক্ষিণ-পশ্চিমে সিলেট শহর অভিমুখে প্রবাহিত হয়েছে। সিলেট অতিক্রম করে এটি উত্তর-পশ্চিমে প্রবাহিত হয়ে পশ্চিমে সুনামগঞ্জ শহরের দিকে ধাবিত হয়েছে। এ নদীর ধারায় মেঘালয় মালভূমির দক্ষিণ থেকে নেমে আসা বিভিন্ন নদী ও স্রোতধারা মিলিত হয়েছে।

Surma River

The Surma river originated from southern slopes of Naga-Manipur water distribution. The water enters Bangladesh from Amalshid in Cachar district of Assam, India in two separate branches namely Surma and Kushiyara through the Badarpur village, a border village located in Sylhet district.

The northern section flows westward towards Surma and then flows south-west towards Sylhet city and it crosses Sylhet and flows west to Sunamganj in the west. Several rivers and streams descending from the south of the river's plateau of the meghalaya got mixed as they flown through.



চলতি নদী

ঐতিহ্যবাহী 'চলতি নদী' সদর উপজেলার সুরমা, জাহাঙ্গীরনগর ইউনিয়ন এবং বিশ্বম্ভরপুর উপজেলার সলুকাবাদ ইউনিয়নে অবস্থিত। যুগ যুগ ধরে মানুষের জীবন জীবিকার অন্যতম উপায় ছিল এই চলতি নদী। এক সময়ের ঐতিহ্যবাহী চলতি নদী জুড়ে ছিল বালু-পাথরের পাশাপাশি লাকড়ি ও মাছ। সুরমা নদীর সংযোগস্থল থেকে ভারতের সীমান্ত পর্যন্ত চলতি নদীর সুবিশাল বিস্তৃতি রয়েছে।

Chalti River

The traditional 'Chalti river' flows through the Surma and Jahangirnagar union of Sadar upazila and Solukabad union of Biswambharpur upazila. Throughout the ages it helps people to earn their livelihood. Once from this river people collected firewoods and fishes as well as sand and rocks. Originated from Surma river junction it flows unto the india border.



কালনী নদী

বাংলাদেশের উত্তর-পূর্বাঞ্চলের সুনামগঞ্জ জেলার একটি নদী। নদীটির দৈর্ঘ্য ৩২ কিলোমিটার, গড় প্রস্থ ৫৭ মিটার এবং নদীটির প্রকৃতি সর্পিলাকার। কালনী নদীটি সুনামগঞ্জ জেলার দিরাই উপজেলার করিমপুর ইউনিয়ন এলাকার পুরনো সুরমা নদী হতে উৎপত্তি লাভ করেছে।

Kalni river

This river is located at Sunamganj zila in northeast bengal. It is 32 k.m. long and its average width is 57 meter with its spiral shape. It is formed in Karimpur union of Dirai upazila from the river Surma.



দেখার হাওর

শহরে ঢুকার পথেই চোখে পড়ে দেখার হাওর। সুনামগঞ্জের অন্যতম বৃহত্তর হাওর এই দেখার হাওর। একসময় শীতকালে প্রচুর অতিথি পাখি দেখা যেত এ হাওরে। এখন অতিথি পাখির পরিমান কম হলেও নানা রকম দেশি পাখির দেখা মেলে সারাবছরই।

Dekhar Haor

At the entrance of the city we can see the Dekhar haor, one of the largest haors in sunamganj. once in winter seasons there were a lot of migrant birds who came to this haor. Though now migrant birds are not coming frequently as before but we can see a lot of other birds.



শনির হাওর

সুনামগঞ্জ জেলার তাহিরপুর উপজেলার দক্ষিণে এ হাওরের অবস্থান। বিশ্বম্ভরপুর, তাহিরপুর ও জামালগঞ্জ উপজেলা নিয়ে শনির হাওর অবস্থিত।

Shanir Haor

Shanir haor is located in Sunamganj district, south to the Tahirpur upazila. Its area is spread to the Biswambharpur, Tahirpur and Jamalganj upazila.



নলুয়ার হাওর

নলুয়ার হাওর জগন্নাথপুর উপজেলার সর্ববৃহত্তম হাওর। উপজেলাবাসীর ধান চাষের সবচেয়ে বড় উৎস এই নলুয়ার হাওর। দেশি হরেক রকমের মাছ উৎপাদনের ক্ষেত্রে নলুয়ার হাওর সব চেয়ে বেশী ভূমিকা রেখে আসছে।

Naluar haor

Naluar haor is the largest haor in Jagannathpur upazila. People of this upazila use the firmlands of this haor to grow rice. This haor is the main source for the various kind of fishes.



শিল্প পর্যটন
Industrial Tourism

ছাতক সিমেন্ট কোম্পানি লিমিটেড

বাংলাদেশের প্রথম এবং সবচেয়ে পুরাতন সিমেন্ট কারখানা, যা সিলেটের ছাতক উপজেলায় সুরমা নদীর তীরে অবস্থিত। বর্তমানে এটি বি.সি.আই.সি এর ১টি প্রতিষ্ঠান। ১৯৪১ সালে আসাম বেঙ্গল সিমেন্ট কোম্পানি নামে এ সিমেন্ট কারখানাটি স্থাপিত হয়। বার্ষিক উৎপাদন ক্ষমতা ২ লক্ষ ৩৩ হাজার মে.টন। এর কাঁচামাল চুনাপাথর ভারতের মেঘালয় থেকে আমদানি করা হয় । এ ছাড়া টেকেরঘাট এর নিজস্ব পাথর উত্তোলন কেন্দ্র থেকেও পাথর সংগ্রহ করা হয়। ছাতক সিমেন্ট আসামে রফতানি করা হয়।

Chhatak Cement Company Limited

Chhatak Cement Company Limited, the oldest cement factory in Bangladesh, which is located on the bank of Surma river in Chhatak upazila of Sylhet. Currently this is an entity of BCIC.

In 1941, the cement factory was established in the name of Assam Bengal Cement Company and has an annual production capacity is 2,33,000 MT. Its raw material limestone is imported from Meghalaya of India. Apart from this, stones are also collected from its own stone excavation station located at Takerghat.



লাফার্জ সুরমা সিমেন্ট কোম্পানী লিমিটেড

সুনামগঞ্জের ছাতকে প্রতিষ্ঠিত ফ্রান্স ভিত্তিক এশিয়ার বৃহত্তম সিমেন্ট উৎপাদনকারী প্রতিষ্ঠান লাফার্জ-সুরমা সিমেন্ট লিমিটেড গত ২০০৬ সালের সেপ্টেম্বর থেকে আনুষ্ঠানিকভাবে উৎপাদন শুরু করেছে।

প্রায় দেড় হাজার কোটি টাকা ব্যয়ে নির্মিত অত্যাধুনিক প্রযুক্তি সম্পন্ন এ কারখানায় প্রতি বছর ১ দশমিক ৫ মিলিয়ন মেট্রিক টন ক্লিংকার এবং সিমেন্ট উৎপন্ন হচ্ছে। যা দেশের মোট সিমেন্ট চাহিদার ১০ শতাংশেরও বেশি বলে জানা গেছে। ভারতের মেঘালয় রাজ্যের কুমরা এলাকায় প্রায় ২শ একর ভূমিতে লাফার্জের রয়েছে চুনা পাথরখনি, ক্রাসিং প্ল্যান্টসহ পূর্নাঙ্গ একটি মাইনিং প্রজেক্ট। ছাতকস্থ লাফার্জ-সুরমা সিমেন্ট লিমিটেডের মূল স্থাপনার সাথে ভারতের মাইনিং প্রজেক্টের যোগসূত্র ঘটানো হয়েছে অত্যাধুনিক বেল্ট কনভেয়ারের মাধ্যমে। লাফার্জ মাত্র আড়াইশ জনবল দিয়ে বছরে বার্ষিক ১ দশমিক ৫ মিলিয়ন মেট্রিক টন ক্লিংকার এবং সিমেন্ট উৎপাদন করছে। লাফার্জ সিমেন্ট ফ্যাক্টরীর উৎপাদিত সিমেন্ট বর্তমানে দেশের নির্মাণ খাতের মোট চাহিদার প্রায় ১০শতাংশ পূরণ করছে।

ছাতকে অবস্থিত লাফার্জ-সুরমা সিমেন্ট লিমিটেড সম্পূর্ণ ইন্টিগ্রেটেড ড্রাই প্রসেসে উৎপন্ন। এ সিমেন্ট ইতোমধ্যেই নির্মাতাদের দৃষ্টি আকর্ষণ করতে সক্ষম হয়েছে। এছাড়া নির্মাণ শিল্পের সব চাহিদার কথা বিবেচনা করে সুপারক্রিট সিমেন্ট উৎপাদনের প্রতিটি ধাপে ব্যবহৃত হচ্ছে অত্যাধুনিক যন্ত্রপাতিসহ উন্নত প্রযুক্তি। কনভেয়ার বেল্টের মাধ্যমে প্রতি ঘন্টায় প্রায় ৮শ মেট্রিক টন পাথর আসছে। আর এ হারে আরো ৫০বছর নিজস্ব খনি থেকে চুনাপাথর সংগ্রহ করা যাবে বলে জানান কর্মকর্তারা।

Lafarge Surma Cement Company Limited

Lafarge-Surma Cement Limited is France-originated Company and the largest cement manufacturer in Asia had officially started its operations in Sunamganj in September 2006. With the latest technology built at an estimated cost of 1.5 billion taka, the factory is producing 1.55 million metric tons of clinker and cements every year which satisfies more than 10% of the country's demand for cement. There is a lacquer area of about 200 acres of land in Kumra area of Meghalaya state, including Lime-stone mine, a crushing plant, and a full-scale mining project.With the original installation of Lafarge-Surma Cement Limited, the Indian mining project has been linked with the latest belt conveyer.

Lafarge produces annual 1.5 million metric tons of clinker and cement annually with just 250 staffs. Cement produced by Lafarge Cement Factories fulfills the demand of the country's construction industry, currently fulfilling the demand of the country's construction sector by about 100%. Lafarge-Surma Cement Limited, which is located in Chhatak, has already been able to attract several cement manufacturers who produces or intends to produce in a fully integrated dry process. In addition to considering all the requirements of the construction industry. The use of supercritic cement is used in every step of production using advanced technology and including the latest machinery. Through the conveyer belt, about eight hundred metric tons of stone is moved per hour. The company officials mentioned that limestone can be collected from its own mines for more than 50 years.



পাহাড়ী ঢলে ভেসে আসা পাথর
Stones floating on the hills



হাওর জীবনঃ বালি পাহাড়
Haor Life: Sand hill



স্টোন ক্রাশার
Stone Crusher



মিছাখালী রাবার ড্যাম
Michakhali Rubber Dam

মুক্তিযুদ্ধে সুনামগঞ্জ

Liberation War at Sunamganj

স্বাধীনতাযুদ্ধে সুনামগঞ্জ জেলা ছিল জাতীয়ভাবে বিভক্ত সেক্টর-৫ এর অন্তর্গত। সেক্টর কমান্ডার ছিলেন মেজর মীর শওকত আলী। এই সেক্টরের অর্ন্তভুক্ত সাব সেক্টরগুলো ছিল বালাট সাব-সেক্টর, সেলা সাব-সেক্টর, ভোলাগঞ্জ সাব-সেক্টর, টেকেরঘাট সাব-সেক্টর, মহেষখলা সাব-সেক্টর।

সুনামগঞ্জ জেলা স্বাধীন বাংলা সংগ্রাম পরিষদ মুক্তিযুদ্ধের সূচনা থেকে শেষ পর্যন্ত গৌরবজ্জ্বল ভূমিকা পালন করেছে। একই ভাবে অবদান রেখেছে এ জেলার সংগ্রামী ছাত্র জনতা ও সর্বস্তরের জনগণ। অনন্য উদাহরণ সৃষ্টি করেছে এ জেলার হাজার হাজার মুক্তিযোদ্ধা। বার বার মোকাবিলা করেছে পাক হানাদার বাহিনীকে। মুক্ত রেখেছে জেলার অধিকাংশ স্থান। এ জেলায় মুক্তিযুদ্ধে অংশ গ্রহণ করেছে পুলিশবাহিনীর কিছু সদস্য ও ই.পি.আর। অনেক রাজনৈতিক নেতা-কর্মী পালন করেছেন সংগঠনের গুরুদায়িত্ব।



Sunamganj was included in sector 5 during the liberation war. Sector commander was Major Mir Shawkat Ali. Balat. Shela, Barachara, Bholaganj, Tekerghat, Maheshkhala sub sectors were part of this sector.

From the beginning of the liberation war, the Sunamganj zila shadhin bangla sangram parishad is playing an important role here. Students and other people contributed too. Thousands freedom-fighters made example of their dedication and scarifies. They faced Pakistani military fearlessly and freed many regions of this district. Many members of the police and E.P.R also joined as the Freedom fighters. political leaders also took an important part in organizational works.



বাঁশতলা স্মৃতিসৌধ
Bashtala Memorial



বাঁশতলা স্মৃতিসৌধ

সুনামগঞ্জ এবং বৃহত্তর ময়মনসিংহ সীমান্তবর্তী অঞ্চল নিয়ে মুক্তিযুদ্ধের পাঁচ নম্বর সেক্টর। পাঁচ নম্বর সেক্টরের দায়িত্বপ্রাপ্ত কমান্ডার ছিলেন মেজর মীর শওকত আলী। পাঁচ নম্বর সেক্টরের সাবসেক্টর ছিল সুনামগঞ্জ জেলার বাঁশতলা। এখানকার সাবসেক্টর কমান্ডার ছিলেন ক্যাপ্টেন হেলাল উদ্দিন। পাহাড়বেষ্টিত বাঁশতলা এলাকায় এবং তার আশপাশে মুক্তিযুদ্ধে যাঁরা শহীদ হন, তাঁদের সমাহিত করা হয় বাঁশতলার এই নির্জনে। সেই স্মৃতিকে অম্লান করে রাখার জন্য নির্মাণ করা হয় বাঁশতলা স্মৃতিসৌধ ।



Bashtala Memorial

The fifth sector of the war of liberation included Sunamganj district along with greater Mymensingh border area. Major Mir Showkat Ali was the commandant of the fifth sector of the liberation war. Bashtala was the sub-sector under the fifth sector command. Captain Helal Uddin was the commandant of the sub-sector, Bashtala. Freedom fighters who lost their lives during the liberation war inside and near Bashtala sub-sector were buried in this quiet area of Bashtala. In order to present due respect to the freedom fighters, a memorial has been built.



ডলুরা স্মৃতিসৌধ
Dolura Memorial





ডলুরা স্মৃতিসৌধ

১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে নিহত আটচল্লিশ জন শহীদ মুক্তিযোদ্ধার গণসমাধি। ডলুরা সুনামগঞ্জ জেলার সুনামগঞ্জ সদর উপজেলাধীন জাহাঙ্গীরনগর ইউনিয়নের অন্তর্গত, মেঘালয় সীমান্তবর্তী গারো আদিবাসী-অধ্যুষিত একটি গ্রাম।

৪৮ জন শহীদদের স্মৃতিরক্ষার্থে নির্মিত হয় এই ডলুরা স্মৃতিসৌধ। এ গণকবর বেশ যত্নের সাথে সংরক্ষণ করা হয়েছে। শুধু ঐতিহাসিক কারণে নয়, প্রাকৃতিক সৌন্দর্যের কারণেও ডলুরা দর্শনার্থীদের আকৃষ্ট করে। শহরের নবীনগর নামক স্থান থেকে সুরমা নদী খেয়া যোগে পার হয়ে হালুয়াঘাট থেকে অথবা শহরের বালু মাঠ নৌকা ঘাট থেকে ইঞ্জিন নৌকা যোগে হালুয়াঘাট থেকে রিক্সা অথবা টেম্পু যোগে ৫/৬ কিঃ মিঃ পথ অতিক্রম করে ভারতীয় সীমান্তের কাছাকাছি ডলুরা নামক স্থানে পৌঁছতে হয়।

Dolura Memorial

Dolula is a Garo tribal village located under Jahangirnagar union of Sunamganj Sadar upazilla encircled by Meghalaya, India. During the Liberation War in 1971, forty-eight freedom fighters were killed in this village.

The mass graveyard of the martyrs is preserved and in memory of the supreme sacrifices made by the martyrs, a memorial has been built in Dolura. Not only due to historical reasons, but also Dulura attracted tourist for its own natural beauty.

There are two routes to reach Dolura, one is by reaching Haluaghat from Nabinagar by expediting through the Surma river via a ferry and then travelling about 5-6 kilometers by rickshaw or tempo; and another route is to travel using an engine boat from Balumaat to Haluaghat and then similarly travelling about 5-6 kilometers by rickshaw or by tempo.



টেকেরঘাট স্মৃতিসৌধ

১৯৭১ সালে চারিদিকে যখন যুদ্ধের দামামা বেজে ওঠে ভারতের লাগোয়া এই টেকেরঘাট হয়ে ওঠে ৫ নং সেক্টরের অধীনে একটি সাব সেক্টর। হাওরবেষ্টিত সুনামগঞ্জের অন্যান্য উপজেলা থেকে এই খনি এলাকাটি ছিল বিচ্ছিন্ন। ভারত সীমান্তের একদম কাছে হওয়ায় পাকিস্তানী বাহিনী এলাকাটি দখলে নেওয়ার চিন্তাও করেনি কখনো। তবে হাওর এলাকায় আধিপত্য বিস্তার করতে তাহিরপুর উপজেলা দখলে নেয় হানাদারেরা। শনির হাওর ও দেখার হাওরের মাঝামাঝি তাহিরপুর। টেকেরঘাট সাব সেক্টর থেকে মুক্তিযোদ্ধারা গেরিলা আক্রমণ করে গুঁড়িয়ে দেন পাকিস্তানীদের আস্তানা। এখানে মুক্তিযুদ্ধের স্মৃতিকে স্মরণ করতে নির্মিত হয়েছে একটি স্মৃতিসৌধ।

Takerghat Memorial

In 1971, when the war raid took place adjacent to India, Takerghat became a sub-sector under the fifth sector. This mine area was separated from other upazillas of Haor-bite Sunamganj. The close proximity to Indian border provided natural protection to the sub-sector as the Pakistani army did not even think of taking over the area. However, the Pakistani troops took control of Tahirpur upazilla to have more control over the Haor area.

Tahirpur is located at the middle of Shanir Haor and Dekhar Haor and the freedom fighters from Takerghat sub-sector launched a guerrilla attack and crushed the Pakistani bastions. To remember the memory of the war of liberation, a memorial has been built there.



মহেষখলা স্মৃতিসৌধ

ধর্মপাশা উপজেলা মধ্যনগর থানার বংশীকুণ্ডা (উত্তর) ইউনিয়নের মেঘালয় সীমান্তবর্তী এলাকায় অবস্থিত এই স্মৃতিসৌধটি। মুক্তিযুদ্ধের সময় এই এলাকাটি ১১নং সেক্টরের ১নং সাব-সেক্টরের অন্তর্ভুক্ত ছিল।

Maheshkhala Memorial

This memorial is located in the border area of Meghalaya of India of Bongshikunda (North) union of Madhyanagar thana of Dharmapasha upazila. During the war of liberation, this area was included in sub-sector no.1 of sector 11.

বধ্যভূমি Mass killing Area

